: হোয়নে। নঙদি হোস্পিতালদগিরা ইবেমা?

: হোয় খুরা। ঙসিসু মীওই অহুম পজিটিভ ওইরবনিকো। ময়াম চাবা-থকপা-চৎপা খরা চেকশিনবিয়ু।

: অতৈ অতৈদি লাইরি ইবেমা। চাবদা করিনো অমুক চেকশিনগদবা। চানিংঙাইবু

লৈত্রশিদা। তাঞ্জাসিদা চাকখাওসিসুনে নিংঙাই কনখ্রপোৎনি, চরমশিনমা চিলহাও থিরিবা। খুরাদি লোইরেহে ইবেমা। য়ামন্দদনা ঙসিদি ঙাদুম ফাগে থোরক্লিবসিনি।

: পন অমা থিংলিঙৈদা পন অনি নমখাইরিবসিদি উবিদে। খুরাদি ঙসি ফজন্না ঙা ফাদৌরি। (নোকফেৎ তৌই অরনী)।

: হৈমা হোয়নেহে! সিদি পুরা লোকডাউন তারে। হোম কোয়ারেন্টাইনদি হায়রগা ই-হাবি শানবগুম থোকয়ে।

(চাননা নোকমিন্নে মখোয় অহুম।)



CS CamScanner

# সংসদকী ঈ-পাউ

## বামসাসকী ৪৫ শুবা চহীগী মীফম অমসুং সোনামণি মেমোরিয়েল অ্যাওয়ার্ড-২০২০ য়েন্থোকপা

হৌখিবা নভেম্বরগী তাং ২৭, ২০২০ খ্রিষ্টাব্দদা বাংলাদেশ মণিপুরী সাহিত্য সংসদকী ৪৫শুবা চহীগী অচৌবা মীফম অমসুং সোনামণি মেমোরিয়েল অ্যাওয়ার্ড ২০২০ য়েন্থোকপগী থৌরম সিলেট টাউনগী জিন্দাবাজারদা লৈবা নজরুল একাডেমি হোলদা পাঙথোকখি। সেশন অনী থোক্না খায়দোকপা নুমিৎতুগী থৌরম পরেংগী অহানবা শরূক্তা চহীগী মীফম পাঙথোকই। সংসদকী প্রেসিডেন্ট এ কে শেরামনা ময়ায় তাংবল লৌবিখিবা সেশনদুদা বিকাশ মীতৈনা অৱা-ফোঙদোকপগী ৱারোল পাথোকপিখি। জেনারেল সেক্রেটারি নামব্রম শংকরনা জেনারেল সেক্রেটারিগী রিপোর্ট অমসুং ফাইনান্স সেক্রেটারি থোঙাম কুঞ্জেশ্বরনা ফাইনান্স রিপোর্ট থাঙ্গৎপীখি। নীহার রঞ্জন শর্মানা কনডাক্ট তৌবিখিবা থৌরমদুদা প্রশান্ত কুমার সিংহ, শেরাম নিরঞ্জন, এন যোগেশ্বর অপু, কেঐচ সমেন্দ্র, মাইস্নাম রাজেশ অমসুং সজল সিনহানা ৱা ঙাঙবিখি। ৪৫শুবা চহীগী মীফমদুদা এ কে শেরামবু প্রেসিডেন্ট অমসুং নামব্রম শংকরবু জেনারেল সেক্রেটারি হাপ্পুনা মী ২৩না শাবা ২০২১-২২ সেশনগী অনৌবা একজিকিউটিভ কমিটি অমা শেমখি। অনৌবা কমিটিগী মেম্বারশিংদি–

১. সভাপতিঃ এ কে শেরাম, ২. সহ-সভাপতিঃ প্রশান্ত কুমার সিংহ, ৩. সহ-সভাপতিঃ ওয়াই নৃপেন্দ্র সিংহ, ৪. সহ-সভাপতিঃ এন যোগেশ্বর অপু, ৫. সাধারণ সম্পাদকঃ নামব্রম শংকর, ৬. যুগ্ম সাধারণ সম্পাদকঃ কেএইচ সমেন্দ্র সিংহ, ৭. সাংগঠনিক সম্পাদকঃ এস সজল সিনহা, ৮. অর্থ সম্পাদকঃ টিএইচ কুঞ্জেশ্বর সিংহ, ৯. সাংস্কৃতিক সম্পাদকঃ মিনতি দেবী, ১০. দফতর সম্পাদকঃ বিকাশ মীতৈ, ১১. প্রচার সম্পাদকঃ নীহার রঞ্জন শর্মা, ১২. সদস্যঃ মনমোহন সিংহ, ১৩. সদস্যঃ এম খির সিংহ, ১৪. সদস্যঃ শেরাম নিরঞ্জন, ১৫. সদস্যঃ লক্ষ্মীকান্ত সিংহ, ১৬. সদস্যঃ মাইস্নাম রাজেশ, ১৭. সদস্যঃ ওয়াই নন্দলাল, ১৮. সদস্যঃ এল শংকর সিংহ, ১৯. সদস্যঃ রঞ্জনা দেবী, ২০. সদস্যঃ কৈনাহন দেবী, ২১. সদস্যঃ রওশন আরা বাঁশি, ২২. সদস্যঃ প্রণব সিংহ, ২৩. সদস্যঃ নিখিল সিংহ।

অনীশুবা সেশনদা সোনামণি মেমোরিয়েল অ্যাওয়ার্ড ২০২০ য়েন্থোকপগী থৌরম পাঙথোকই। বামসাসকী প্রেসিডেন্ট এ কে শেরামনা ময়ায় তাংবল লৌবিখিবা থৌরমদুদা সোশ্যাল ওয়েলফেয়ার ডিপার্টমেন্ট, সিলেট ডিভিশনাল ওফিসকী ডিরেক্টর সন্দীপ কুমার সিংহনা চীফ গেস্ট অমসুং শক্লাইরবা রবীন্দ্র সংগীতকী শৈশকপা রাণাকুমার সিনহা অমসুং সিলেট ইন্টরন্যাশনাল ইউনিভার্সিটিগী এসিস্ট্যান্ট প্রোফেসর প্রণব কান্তি দেবনা স্পেশাল গেস্ট ওইখি। ভানুগাছকী হামোমখুলদা লৈবা চাউবা মেমোরিয়েল মণিপুরী ইন্টেলেকচুয়েল প্রপার্টি মিউজিয়ামগী ডিরেক্টর শক্লাইরবা সোশ্যাল ওয়ার্কার হামোম তনুবাবুবু ২০২০ খ্রিস্টাব্দগী ওইনা 'সোনামণি মেমোরিয়েল অ্যাওয়ার্ড' পীদুনা ইকাইখুম্নখি। অ্যাওয়ার্ডসিদা সাইটেশন অমা, ক্রেস্ট, শাল অমসুং লুপা ওইনা লিশিং

তরা য়াওখি। নীহার রঞ্জন শর্মানা থৌরম অসি কনডাক্ট তৌবিখি।

## বামসাসকী ৪৬ শুবা লিঙ্খৎখিবা নুমিৎ থৌবাংবা অমসুং ওজারেণ ইকাইখুম্নবা উৎপা ২০২১

বাংলাদেশ মণিপুরী সাহিত্য সংসদকী ৪৬শুবা মপোক কুমওনগা মরী লৈননা ওজারেণ ইকাইখুম্নবা উৎপগী থৌরম'মা হৌখিবা ২৪ সেপ্টেম্বর ২০২১ তারিখতা সিলেটকী মণিপুরী রাজবাড়ি মান্দোবতা য়াম্না নিংথিজনা অমসুং চীং-লেম্না পাঙথোকখি। সংসদকী প্রেসিডেন্ট কবি এ কে শেরামনা ময়ায় তাংবল লৌখিবা থৌরমদুদা সিলেট শিক্ষা বোর্ডকী চেয়ারম্যান প্রোফেসর ড. রমা বিজয় সরকারনা চিফ গেস্ট অমসুং বাংলাদেশ বেতার, সিলেট সেন্টারগী রিজিওনাল ডিরেক্টর আব্দুল্লাহ মোহাম্মদ তারিক অমসুং সিলেট জেলা শিল্পকলা একাডেমিগী কালচারাল অফিসার অসিত বরণ দাশ গুপ্ত-না স্পেশাল গেস্ট ওইনা শরূক য়াখি। বামসাসকী জেনারেল সেক্রেটারি নামব্রম শংকর অমসুং জোয়েন্ট সেক্রেটারি কেএইচ সমেন্দ্র সিংহনা কনডাক্ট তৌবিখিবা থৌরমদুদা অতৈসু ৱা ঙাঙবিখি বামসাসকী ভাইস প্রেসিডেন্ট এল. প্রশান্ত কুমার সিংহ, এক্স প্রেসিডেন্ট শজিবুগী ইডিটর শেরাম নিরঞ্জন অমসুং ধরণী কুমার সিংহ।

থৌরমগী অহৌবদা ঈশৈগী ওজা হাউরোংবম নীলমণি সিংহ, সোশ্যাল এক্টিভিস্ট মোইরাংথেম খির সিংহ অমসুং পুঙগী ওজা নীলধ্বজ সিংহ (শামুঙৌ)বু ওজারেণ ওইনা ইকাইখুম্নবা উৎখি। মখোয়শিংদা অতিথিশিংনা লৈগী চরোং, লেংয়ান, ক্রেস্ট অমসুং শাল পীদুনা ইকাইখুম্নখি। মখোয়গী শম্লপ্পা পুন্সিৱারী পাথোকপিখি পি. মিনতি দেবী, কৈনাহন দেবী অমসুং রওশন আরা বাঁশি খূৎহৈবম। অরোয়বদা ঈশৈ নোংমাইগী থৌরমদা নীলমণি সিংহনা সুর হাপ্পা ঈশৈ খরা শকপিখি পি. মিনতি দেবী, মিলনী সিনহা, মিনতি দেবী অমসুং অলকা দেবী; জগোয়গী শরূক্তনা জগোইগী গুরু শান্তনা লৈমানা তাকপিদুনা জগোই খরা খুদোল তম্বীখি 'একাডেমি ফর মণিপুরী কালচার এন্ড আর্টস (এমকা)'গী আর্টিস্টশিংনা।

## মণিপুরী রাইটার্স মীট

বাংলাদেশতা মণিপুরী লোন-সাহিত্যগী মরমদা লেপ্তনা থবক তৌবিরিবা অইবা-অইবী ময়ামগী অপূনবা মীফম 'মণিপুরী রাইটার্স মীট' অমা বাংলাদেশ মণিপুরী সাহিত্য সংসদনা শিল্লাংদুনা হৌখিবা ২৬ নভেম্বর ২০২১ তারিখতা সিলেটকী মিরাবাজারদা লৈবা অখন্নবা হোটেল অমদা নুমিৎচুপ্পগী থৌরমগা লোয়ননা পাঙথোকখি। সাহিত্য সংসদকী প্রেসিডেন্ট কবি এ কে শেরামনা ময়ায় তাংবল লৌবিখিবা থৌরমদুদা অখন্নবা মীথুং ওইনা শরূক য়াবিখি চাউবা মেমোরিয়েল মণিপুরী ইন্টিলেকচুয়েল প্রপার্টি মিউজিয়ামগী ডিরেক্টর হামোম তনুবাবু, শরূাইরবা অইবা মো. আবদুস সামাদ, ইমা বাংলাদেশকী চেয়ারম্যান খোইরোম ইন্দ্রজিৎ অমসুং বাংলাদেশ মণিপুরী সাহিত্য সংসদ, কমলগঞ্জ ব্রাঞ্চকী প্রেসিডেন্ট মাইবম বীরেন্দ্র। থৌরমদুদা সিলেটকী অইবশিংগা

লোয়ননা ঢাকা, হবিগঞ্জ জেলাগী বিশগাঁও অমসুং মৌলভীবাজার জেলাগী কমলগঞ্জ, জুড়ীনচিংবা মফম কয়াদগী লেংবিরকপা অইবা-অইবী ৪০ রোম শরূক য়াখি। ময়াম্না য়াম্না কূপ্না খন্ন-নৈনরবা মতুঙদা বাংলাদেশতা মণিপুরী লোন অমসুং সাহিত্য চাওখৎহন্নবগী পান্দমদা মরূ ওইবা ৱারেপ কয়াদং লৌখি। বামসাসকী জেনারেল সেক্রেটারি নামব্রম শংকর অমসুং মেম্বার নীহার রঞ্জন শর্মানা পূন্না কনডাক্ট তৌমিন্নখিবা থৌরমদুদা অতৈসু ৱা ঙাঙবিখি বামসাসকী ভাইস প্রেসিডেন্ট এল. প্রশান্ত কুমার সিংহ, কবি সনাতন হামোম, অইবা উত্তম সিংহ রতন, মণিপুরী মুসলিম ডেভেলপমেন্ট ওর্গেনাইজেশনগী জেনারেল সেক্রেটারি সাজ্জাদুল হক স্বপন, মণিপুরী কালচারাল কমপ্লেক্সকী মেম্বার সেক্রেটারি রবি কিরণ সিংহ রাজেশ, কবি অওয়াংতাবম সমরেন্দ্র, কবি থোঙাম সঞ্জয়, তিউড়ি পাবলিকেশন্সকী ওনার কবি মাইবম সাধন, কবি কৈনাহন দেবী, কবি রওশন আরা বাঁমি খুৎহৈবম, শৈশকপী পি মিনতি দেবী, বামসাসকী ট্রেজারার থোঙাম কুঞ্জেশ্বর সিংহ, জয়েন্ট সেক্রেটারি কেএইচ সমেন্দ্র সিংহ অমসুং মণিপুরী লাইব্রেরি এন্ড রিসার্চ সেন্টারগী ডিরেক্টর কবি অয়েকপম অঞ্জু।

## মণিপুরী লাইরিক্কী মেলা ২০২১

বাংলাদেশকী লানঙম নুমিৎ পালন তৌবগা মরী লৈননা বাংলাদেশ মণিপুরী সাহিত্য সংসদনা শিল্লাংদুনা হন্দক অহানবা ওইনা বাংলাদেশতা মণিপুরী লাইরিক্কী মেলা ১৬ ডিসেম্বর ২০২১ তারিখতা মৌলভীবাজার জেলাগী কমলগঞ্জ উপজেলাগী মনুঙ চনবা আদমপুরবাজারগী তেতইগাঁওদা লৈবা মণিপুরী কালচারাল কমপ্লেক্সকী কম্পাউন্ডদা নুমিৎচুপ্পগী ওইবা থৌরমগা লোয়ননা পাঙথোকখি। হন্দক্কী ১৬ ডিসেম্বর লানঙম নুমিৎসিদি বাংলাদেশকী নীংতম্বগী চহী য়াঙ্খে মপুঙ ফাবা সনা ফুদোংবগী ক্ষেণফমনি। অমরোমদনা ১৯৭৫ খ্রিষ্টাব্দগী ১৬ ডিসেম্বরদা বাংলাদেশকী অহানবা মণিপুরী সাহিত্যগী চেফোঙ দীপান্বিতা ফোঙখিবা নুমিৎনি। অদুনা নুমিৎসিবু নিংশিংবা ওইনা বাংলাদেশ মণিপুরী সাহিত্য সংসদনা হন্দক্কী চহীসিদগী হৌদুনা চহী খুদিংগী বাংলাগী লানঙম নুমিৎকা মরী লৈননা মণিপুরী লাইরিক্কী মেলা পাঙথোকপগী খোঙথাং লৌবনি।

অয়ুক পুঙ ১১ তাবদা লাইরিক মেলাগী থৌরম হৌদোকপিখি অথৌবা নীংতম লান্মী এম. মনমোহন সিংহনা। মথংদা মহৈরোয়শিংগী শৈরেং থীবা তান্নবা, মণিপুরী অমসুং বাংলা লোনগী কবিশিংনা পূন্না য়াওনা লন্নায় লেংবা শৈরেং পাবা অমসুং নুপীশিংগী শান্নবা মখল কয়াসু পাঙথোকখি। চাকলেন চাবগী মতুঙদা নুংথিল পুঙ ৩দা পাঙথোকই নৈন-মীফম, মমাঙদা পাঙথোকখিবা কম্পিটিশন ময়ামগী মনা য়েন্থোকপা অমসুং ঈশৈ নোংমাইগী থৌরম। বামসাসকী প্রেসিডেন্ট কবি এ কে শেরামনা ময়ায় তাংবল লৌবিখিবা থৌরমদুদা চিফ গেস্ট ওইনা শরূক য়াবিখি শল্লাইরবা কবি অমসুং অইবা প্রোফেসর নৃপেন্দ্রলাল দাশ অমসুং স্পেশাল গেস্ট ওইনা শরূক য়াবিখি কমলগঞ্জ উপজেলা পরিষদকী ভাইস চেয়ারম্যান বিলকিস বেগম, অইবা আহমদ সিরাজ, কবি অমসুং জার্নালিস্ট আকমল হোসেন নিপু অমসুং যমুনা টেলিভিশনগী রিপোর্টার আহমদ আফরোজ। কবি সনাতন হামোম, কবি নামব্রম শংকর অমসুং কবি অওয়াংতাবম

সমরেন্দ্রনা কনডাক্ট তৌবা থৌরমদুদা অতৈসু ৱা ঙাঙবিখি হামোম তনুবাবু, মো. আবদুস সামাদ, হাজি মো. আবুল হোসেন অমসুং এল. প্রশান্ত কুমার সিংহ। ঈশৈ নোংমাইগী থৌরমদা ঈশৈ শকপিখি পি. মিনতি দেবী, মিলনী দেবী, কৈনাহান দেবী অমসুং অপর্ণা ৱাণী সিনহা। জগোইগী শরুক্তা ছোটধামাই অমসুং ভানুগাছকী নুপীমচা খরনা মৈতৈ জগোইগী শক্তম কয়াদং লাম্নোকপিখি।

অহানবা মণিপুরী লাইরিক্কী মেলাগা মরী লৈননা মৈরাগী ৫৮শুবা চেফোঙ পুথোকখি। মেলা অসি পাঙথোকপদা বাংলাদেশ মণিপুরী সাহিত্য সংসদপু তেংবাংবিখি মণিপুরী কালচারাল কমপ্লেক্স, চাউবা মেমোরিয়েল মণিপুরী ইন্টেলেকচুয়েল প্রপার্টি মিউজিয়াম, বাংলাদেশ মণিপুরী মুসলিম এডুকেশন ট্রাস্ট অমসুং মণিপুরী মুসলিম টিচার্স ফোরাম। মেলা অসিবু মপুঙ ফাহনবগীদমক শেম্বা ম্যানেজমেন্ট কমিটিগী কনভেনর ওইনা থৌ পুবিখি মাইবম বীরেন্দ্র, জয়েন্ট কনভেনর মো. আবদুস সামাদ অমসুং মেম্বার সেক্রেটারি সনাতন হামোম।

## থিয়াম লৈরিকমচা ইন্টারন্যাশনাল অ্যাওয়ার্ড ২০২১

মণিপুরগী শিংথানিঙাই ওইরবা সাহিত্যগী সংস্থান 'সাহিত্য থৌপাং লুপ (সাথৌলুপ)' অমসুং 'বাংলাদেশ মণিপুরী সাহিত্য সংসদ' অনীনা খূৎ শন্নদুনা সাথৌলুপ-না চাং নাইনা পীদুনা লাক্লিবা ইন্টারন্যাশনাল অ্যাওয়ার্ড 'থিয়াম লৈরিকমচা ইন্টারন্যাশনাল অ্যাওয়ার্ড ২০২১' য়েন্থোকপগী থৌরম হন্দক বাংলাদেশতা সিলেটকী জিন্দাবাজারদা লৈবা নজরুল একাডেমি হোলদা হৌখিবা ৩১ ডিসেম্বর ২০২১ তারিখতা য়াম্লা চীং-লেম্লা পাঙথোকখি। বাংলাদেশ মণিপুরী সাহিত্য সংসদ (বামসাস)কী প্রেসিডেন্ট এ কে শেরামনা প্রেসিডেন্ট ওইদুনা পাঙথোকখিবা থৌরমদুদা চিফ গেস্ট ওইনা শরুক য়াখি সিলেটকী শক্লাইরবা কবি অমসুং অইবা মদনমোহন কলেজকী এক্স-প্রিন্সিপাল প্রোফেসর ড. আবুল ফতেহ ফাত্তাহ অমসুং স্পেশাল গেস্ট ওইখি লিটলম্যাগ ভাস্করগী ইডিটর কবি পুলিন রায়, সম্মিলিত নাট্য পরিষদ, সিলেটকী প্রেসিডেন্ট মিশফাক আহমদ মিশু, সম্মিলিত সাংস্কৃতিক জোট সেন্ট্রাল কমিটিগী মেম্বার শামসুল আলম সেলিম অমসুং সিলেট ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিগী এসিস্ট্যান্ট প্রোফেসর প্রণব কান্তি দেব। হন্দক্কী থিয়াম লৈরিকমচা ইন্টারন্যাশনাল অ্যাওয়ার্ড বাংলাদেশকী শক্লাইরবা কবি খোইরোম ইন্দ্রজিৎতা পীখি। অ্যাওয়ার্ডতুদা সাইটেশন, শাল অমসুং শেলগী মনা য়াওখি।

বামসাসকী জেনারেল সেক্রেটারি নামব্রম শংকর অমসুং জোয়েন্ট সেক্রেটারি কেএইচ সমেন্দ্র সিংহনা কনডাক্ট তৌবা থৌরমদুদা অতৈসু ৱা ঙাঙবিখি কবি শেরাম নিরঞ্জন, প্রোগ্রেসিভ রাইটার্স এসোসিয়েশন, সেন্ট্রাল কমিটিগী জোয়েন্ট সেক্রেটারি মাধব রায়, একডোগী একজিকিউটিভ ডিরেক্টর লক্ষ্মীকান্ত সিংহ, কবি সুমন বনিক অমসুং কবি সনাতন হামোম। মণিপুরদগী ভার্চুয়াল লাইনদা ওইনা ৱারোল খরা থম্লীখি সাথৌলুপকী এডভাইজার কবি শরতচান্দ থিয়াম। থৌরমগী অহৌবদা অতিথিশিংবু লৈ অমসুং লেংয়ান পীদুনা ইকাইখুম্নবা উৎখি কবি কৈনাহন দেবী অমসুং কবি রওশন আরা বাঁশিনা, অ্যাওয়ার্ডিগী শম্নপ্পা পুঙ্গিৱারীনা বামসাসকী ট্রেজারার থোঙাম কুঞ্জেশ্বরনা

পাথোকপীখি।

## বামসাস প্রেসিডেন্ট কবি এ কে শেরামনা ইন্টারন্যাশনাল অ্যাওয়ার্ড ফংলকপদা তরাম্না ওকপা

ভারতকী মেঘালয় মণিপুরী সাহিত্য পরিষদনা পীবা অহানবা ডা. কমল ইন্টারন্যাশনাল মণিপুরী লিটারেচার অ্যাওয়ার্ড ২০২২ হৌখিবা ৫ মার্চ ২০২২ তারিখতা মেঘালয়গী ক্যাপিটাল সিটি শিলংদা পাঙথোকখিবা ডা. কমল ইন্টারন্যাশনাল সেমিনার অমসুং লিটারেচার ফেস্টিভেলদা বাংলাদেশকী শরুাইরবা কবি বাংলাদেশ মণিপুরী সাহিত্য সংসদকী প্রেসিডেন্ট কবি এ কে শেরামদা খুৎ শীন্নখি। অ্যাওয়ার্ড অসিদা শাল, সাইটেশন অমসুং শেলগী মনাসু য়াওখি। য়াম্না প্রেস্টিজিয়াস ওইবা অ্যাওয়ার্ড অসি ফংলকপগদা হরাওবা ফোঙদোক্তুনা কবি এ কে শেরামবু তরাম্না ওকপগী থৌরম অমা বাংলাদেশ মণিপুরী সাহিত্য সংসদনা হৌখিবা ১১ মার্চ ২০২২ তারিখতা সিলেটকী লামাবাজার মান্দোবতা পাঙথোকখি। বামসাসকী জেনারেল সেক্রেটারি নামব্রম শংকরনা কনডাক্ট তৌবা থৌরমদুদা ৱা ঙাঙবিখি বামসাসকী ভাইস প্রেসিডেন্ট এল. প্রশান্ত কুমার সিংহ, অথৌবা নীংতম লান্মী এম. মনমোহন সিংহ, সোশ্যাল ওয়ার্কার এম. খির সিংহ, নীহার রঞ্জন শর্মা, কেএইচ. সমেন্দ্র সিংহ, কবি কৈনাহন দেবী অমসুং কবি রওশন আরা বাঁশি খুৎহৈবম।

## কবি কৈনাহান দেবীগী শৈরেং লাইরিক ফোঙদোকপা

থোকচোমওংবী কবি কৈনাহান দেবীগী অহানবা শৈরেং লাইরিক 'অমোৎপা পুন্সিগী অৱাবা'গী মায়খুম হাংদোকপা অমসুং নৈন-মীফম অমা বাংলাদেশ মণিপুরী সাহিত্য সংসদনা শীন্দুনা হৌখিবা এপ্রিলগী তাং ১, ২০২২ তারিখতা সিলেটকী জিন্দাবাজারদা লৈবা নজরুল একাডেমি হোলদা পাঙথোকখি। বাংলাদেশ মণিপুরী সাহিত্য সংসদকী প্রেসিডেন্ট এ কে শেরামনা থৌরম মপূ অমসুং জেনারেল সেক্রেটারি নামব্রম শংকরনা কনডাক্ট তৌবা থৌরমদুদা গেস্ট ওব ওনার ওইনা শরুক য়াখি চাউবা মেমোরিয়েল মণিপুরী ইন্টেলেকচুয়েল প্রপার্টি মিউজিয়ামগী ডিরেক্টর হামোম তনুবাবু, ইমা বাংলাদেশকী চেয়ারম্যান কবি খোইরোম ইন্দ্রজিৎ, বাংলাদেশ মণিপুরী সাহিত্য সংসদ, ছোটধামাই ব্রাঞ্চকী প্রেসিডেন্ট কবি অহৈবম রনজিৎ। শজিবুগী ইডিটর কবি শেরাম নিরঞ্জননা লাইরিক্কী মথক্তা নৈন-ৱারোল অমা প্রেজেন্ট তৌবিখি। লাইরিক্কী অইবী কবি কৈনাহান দেবীসু ডায়াসতা লেংশিনবিখি অমসুং শৈরেং লাইরিকসিগী মতাঙদা মহাক্কী লন্নায় ওইবা ৱাফম কয়া ফোঙদোকপিখি। থৌরমসিদা অতৈসু ৱা ঙাঙবিখি এল. প্রশান্ত কুমার সিংহ, ইবুংহাল সিংহ শ্যামল, থোকচোম অনন্ত, বৃন্দারাণী দেবী, রবি কিরণ সিংহ রাজেশ, সাজ্জাদুল হক স্বপন, অওয়াংতাবম সমরেন্দ্র, মোইরাংথেম খির সিংহ, এম. মনমোহন সিংহ, কেএইচ সমেন্দ্র সিংহ, নীহার রঞ্জন শর্মা, বিকাশ সিংহ, ডা. মেমচৌবী অমসুং সজল সিনহা। লাইরিকতুদগী শৈরেং খরা পাথোকপিখি পি. মিনতি দেবী অমসুং রওশন আরা বাঁশি খুৎহৈবম। ফানজৌবম ভাগ্য সিংহগী নুংশিরবা

খোঙ্জেলগী ঈশৈগা লোয়নননা থৌরম লোইশিনখি।

বাংলা অমসুং মৈতৈ ময়েক অনীমক্তা ইবা লামায় ১৬২ পানবা লাইরিক অসি বাংলাদেশ মণিপুরী সাহিত্য সংসদনা ফোঙবনি অমসুং কবিগী মচানুপী থোকচোম অহনা দেবীনা মখুম য়েকপনি।

## ত্রিপুরাদগী লাকপা অইবা অহুমবু তরাম্না ওকপা

ত্রিপুরাগী আগরতলাদগী শক্লাইরবা অইবা অহুম থৌরম অমগীদমক সিলেটতা লেংবিরকখি; মখোয়শিংদুদি– মণিপুরী সাহিত্য পরিষদ, ত্রিপুরাগী এক্স-জেনারেল সেক্রেটারি অমসুং শক্লাইরবা অইবা এল. বীরমঙ্গল সিংহ, ত্রিপুরা বাণী প্রকাশনীগী প্রোপ্রাইটর অইবা রঘুনাথ সরকার অমসুং অইবা ড. আশিস কুমার বৈদ্যনি। মখোয়বু ইকাইখুম্নবা ওইনা বাংলাদেশ মণিপুরী সাহিত্য সংসদকী মায়কৈদগী তরাম্না ওকপগী থৌরম অমা হৌখিবা ২১ এপ্রিল ২০২২দা সিলেটকী লেমজনিঙাই ওইরবা রেস্টুরেন্ট অমদা পাঙথোকখি। বাংলাদেশ মণিপুরী সাহিত্য সংসদকী প্রেসিডেন্ট কবি এ কে শেরামনা থৌরম মপূ অমসুং জেনারেল সেক্রেটারি নামব্রম শংকরনা কনডাক্ট তৌখিবা থৌরমদুদা অখন্নবা মীথুং ওইনা শরুক য়াখি সিলেটকী মদনমোহন কলেজকী এক্স-প্রিন্সিপাল শক্লাইরবা অইবা প্রোফেসর ড. আবুল ফতেহ ফাত্তাহনা। থৌরমদুদা বাঙালি কবি-অইবশিংগী মায়কৈদগী ৱা ঙাঙখি কবি পুলিন রায়, কবি আবিদ ফায়সাল, কলেজকী ওজা মাধব রায়, কবি সুমন বনিক, কবি নাজমুল হক নাজু, কবি মালেকুল হক অমসুং বিপ্লব নন্দী। বাংলাদেশ মণিপুরী সাহিত্য সংসদকী মায়কৈদগীনা মথংশিংনা ৱা ঙাঙবিখি কবি শেরাম নিরঞ্জন, এল. প্রশান্ত কুমার সিংহ, কবি রওশন আরা বাঁশি, এম. উত্তম সিংহ রতন, নীংতম লান্মী মনমোহন সিংহ, খির সিংহ, কেএইচ সমেন্দ্র সিংহ, নীহার রঞ্জন শর্মা, মাইস্নাম রাজেশ অমসুং সজল সিনহা। নুমিদাংগী ডিনারগা লোয়নননা থৌরম লোইশিনখি।

## মণিপুরী ভাষা উৎসব ২০২২

করোনা হায়বদি কোভিদ-১৯কীদমক চহী অনী লেপ্পুরবা 'তুংদা হন্দক ২০২২কী মেগী তাং ১৩দা অমুক মণিপুরী ভাষা উৎসব ২০২২ য়াম্না চংখোন্না হরাও-তয়াম্বগা লোয়নননা পাঙথোকখ্রে। হান্না পাঙথোকখিবা থৌরমশিংগী মথং-মনাও ওইনা পাঙথোকপা বাংলাদেশ মণিপুরী সাহিত্য সংসদনা শিল্লাংবা হন্দক্কী মণিপুরী ভাষা উৎসব ২০২২ নুমিৎচুপ্পগী ওইবা থৌরম পরেংগা লোয়নননা মৌলভীবাজার জেলাগী কমলগঞ্জ উপজেলাগী মনুঙ চনবা আদমপুরবাজারদা লৈবা তেতইগাঁও রশিদ উদ্দিন হাই স্কুলদা পাঙথোকখি। অয়ুক পুঙ ১১ তাবা মতমদা ন্যাশনাল এনথেমগা লোয়নননা জাতিগী ফিরান চিংখৎপিদুনা ভাষা উৎসবকী থৌরম হৌদোকপিখি হাই স্কুল অসিগী হেড মাস্টার শাহেনা বেগম। মদুদগী মহৈরোয় ময়ামগা লোয়নননা র‍্যালি অমা থোক্লুরগা হঞ্জল্লিক্লুনা স্কুলগী শহিদ মিনারদা ইমালোনগীদমক্তা থরায়গী পোম্বা পীখ্রবা অথৌবশিংগী মফমদা হৈকৎ লৈকৎ তৌদুনা ইকাইখুম্নখি। মথংদা ক্লাশ ৬ তগী ১০ ফাওবা তম্লিবা

মহৈরোয়শিংবু গ্রুপ অনী খায়দোক্নুনা মণিপুরী লোন অমসুং ময়েক্কী মথক্তা পুঙ ১গী অইবা পরীক্ষা লৌখি। নোং-চিং য়াম্লা তাবা নুমিৎতুদসু লোনগী পরীক্ষাসিদা সিলেট, জুড়ীগী ধামাই এরিয়া, কমলগঞ্জ অমসুং চুনারুঘাটকী বিশগাঁও মায়কৈদগী লাকপা মহৈরোয় চনি হেন্না শরুক য়াখি। পরীক্ষাগী মতাঙদা বাংলাদেশ মণিপুরী প্রাথমিক শিক্ষক সমিতিগী ওজাশিংনা পরীক্ষা মপুঙ ফানবা হোৎনবদা অচৌবা তেংবাং তৌখি।

চাক্লেন চাবা মতুঙদা নুংথিল পুঙ ৩ তাবদা নৈন-মীফম হৌই। মদুদা চিফ গেস্ট ওইনা শরুক য়াখি ঢাকা ইউনিভার্সিটিগী লিঙ্গুইস্টিক ডিপার্টমেন্টকী প্রোফেসর শক্লাইরবা অইবা ড. সৌরভ সিকদার অমসুং স্পেশাল গেস্ট ওইবিখি জাবারাং ওয়েলফেয়ার সোসাইটিগী একজিকিউটিভ ডিরেক্টর অমসুং শক্লাইরবা অইবা মথুরা বিকাশ ত্রিপুরা, ইন্টারন্যাশনাল ইন্ডিজিনাস ল্যাঙ্গুয়েজ ডিকেদ ওবজারভেশন ন্যাশনাল কমিটিগী মেম্বার সেক্রেটারি বাঁধন আরেং অমসুং ডেইলি প্রথম আলো নিউজপেপারগী কমলগঞ্জ রিপ্রেজেন্টেটিভ মুজিবুর রহমান রঞ্জু। বাংলাদেশ মণিপুরী সাহিত্য সংসদকী প্রেসিডেন্ট এ কে শেরামনা থৌরম মপূ অমসুং নামব্রম শংকর, কেএইচ সমেন্দ্র সিংহ অমসুং অয়েকপম অঞ্জুনা কনডাক্ট তৌবিখি। মদুগী মমাঙদা পরীক্ষাদা শরুক য়াখিবা মহৈরোয়শিংনা ঈশৈ অমসুং জগোই কয়াদং খুদোল তমখি। অরোয়বদা পরীক্ষাদা মায় পাক্লবা মহৈরোয় ৫০ খকপু লাইরিক অমসুং শেলগী মনা পীদুনা থৌগৎপীখি।

## ওনলাইন মিটিং অমসুং ভার্চুয়াল প্রোগ্রামশিং

কোভিদ ১৯গী ফিবমনা কনশিল্লকপনা মরম ওইদুনা ফোংনা মিটিং তৌবা য়াদবদগী বাংলাদেশ মণিপুরী সাহিত্য সংসদকী একজিকিউটিভ অমসুং অতৈ মিটিংশিং ওনলাইনগী খুখাংদা ওইনা কয়ারক পাঙথোকখি।

মদুতসু নত্তনা মতম মতমদা ওনলাইনদা ওইনা শৈরেং পাথোকপা, লন্নায় লেংবা শৈরেং পাথোকপা অমসুং অতৈ প্রোগ্রামশিং পাঙথোকখি। বামসাসনা শীন্দুনা বাংলাদেশকী মনুঙদা লৈবা কবিশিংগী লন্নায় লেংবা শৈরেং পাথোকপগী থৌরম কয়ারক পাঙথোকখি। অমুক্তি ইন্টরন্যাশনাল থাক্ত ওনলাইন শৈরেং পাথোকপগী থৌরমসু পাঙথোকখি। মদুদা বাংলাদেশকী কবিশিংতা নত্তনা মণিপুরগী শক্লাইরবা কবি শরতচান্দ থিয়াম অমসুং তোংব্রম অমরজিৎ, আগরতলাদগী এন. দিলীপকুমার সিংহ অমসুং সোরোকখাইবম গম্ভিনী শরুক য়াখি।

লন্নায় লেংবা শৈরেং পাথোকপদা নত্তনা অকক্লবা নুমিৎ পালন তৌবগী থৌরম কয়াসু পাঙথোকখি। জননেতা হিজম ইরাবতকী মপোক কুমওন ২০২০তসু ভার্চুয়াল নৈন-মীফম অমা পাঙথোকখি। ২৮ জুলাই ২০২১ মহাকবি হিজম অঙাংহলগী মপোক কুমওন অমসুং ১৩ আগস্ট ২০২১ মণিপুরী অথৌবশিং নিংশিং নুমিৎসু ওনলাইনগী থোংদা নিংথিজনা পাঙথোকখি।

## বামসাসনা পাঙথোকখিবা ন্যাশনাল নিংশিং নুমিৎ ময়াম

বাংলাদেশ মণিপুরী সাহিত্য সংসদনা ফেব্রুয়ারি ২১ আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস,

ডিসেম্বরগি তাং ১৬ বিজয় দিবসকা লোয়ননা লৈপাক্কী ওইবা ন্যাশনাল নিংশিং নুমিৎ ময়াম হৈকৎ লৈকৎ য়াওনা চহী খুদিংগী মতৌগুম হৌখিবা চহী অনীসিদসু চাং নাইনা পাঙথোকচখি।

## 'মৈরা' অমসুং অতৈ চেফোঙ কয়া ফোঙবা

২০২০ খ্রিস্টাব্দগী নভেম্বরগী তাং ২৭তা বামসাসকী ৪৫শুবা চহীগী অচৌবা মীফমগা মরী লৈননা বাংলাদেশ মণিপুরী সাহিত্য সংসদনা ফোঙবা 'মৈরা'গী ৫৬ শুবা চেফোঙ ফোঙখি। চেফোঙ অসিদা লামায় ৮০ পানখি।

২০২১ খ্রিষ্টাব্দগী ২৪ সেপ্টেম্বরদা বাংলাদেশ মণিপুরী সাহিত্য সংসদ (বামসাস)কী ৪৬শুবা মপোক কুমওন অমসুং ওজারেণ ইকাইখুম্নবা উৎপগা মরী লৈননা 'মৈরা'গী ৫৭শুবা চেফোঙ ফোঙখি। লামায় ৬৪ পানবা চেফোঙদুদা মণিপুরী অমসুং বাংলা লোনগী য়াম্না মমল লৈরবা ৱারেং কয়াগা লোয়ননা শৈরেং ৱারীমচানচিংবসু য়াওই।

১৬ ডিসেম্বর ২০২১, বাংলাগী লানঙম নুমিৎকা মরী লৈননা পাঙথোকখিবা বাংলাদেশকী অহানবা 'মণিপুরী লাইরিক্কী মেলা'দা 'মৈরা'গী ৫৮ শুবা চেফোঙ পুথোকখি। লামায় ৪৮ পানবা চেফোঙসিদা মণিপুরী অমসুং বাংলা লোনগী তোঙান-তোঙানবা ৱারেং, শৈরেং, ৱারীমচা অমসুং হন্দোকপা শৈরেংসু য়াওখি।

বাংলাদেশ মণিপুরী সাহিত্য সংসদকী ফাউন্ডার মেম্বার কোন্থৌজম সুবোধ লৈখিদবগী চহী শুরকপগী ফিরোয়গা মরী লৈননা 'নীংশিংবগী তোর্বান্দগী' হায়বা নীংশিং চেফোঙ অমসু ফোঙখি।

এল. বীরমঙ্গল সিংহ

# আজাদ হিন্দ বাহিনী ও মণিপুর

পরাধীন ভারতকে ব্রিটিশ সাম্রাজ্যের কবল থেকে মুক্ত করার লক্ষ্যে নেতাজি আজাদ হিন্দ বাহিনী গঠন করে 'দিল্লি চলো' অভিযানের ডাক দিয়েছিলেন। তিনি এই অভিযানে মিত্র শক্তি হিসেবে বেছে নিয়েছিলেন ব্রিটিশের শত্রু জাপানি সেনাদের। আজাদ হিন্দ বাহিনী মণিপুরের মোইরাং হয়ে কোহিমা পর্যন্ত এগিয়ে গিয়েছিল। লক্ষ্য ছিল প্রথম পর্যায়ে মণিপুরের রাজধানী ইম্ফল দখল করা। দ্বিতীয় বিশ্বযুদ্ধে দক্ষিণ পূর্ব এশিয়ার রণাঙ্গনের ব্রিটিশ বাহিনীর মূল ঘাঁটি হয়ে উঠেছিল ইম্ফল। তাই নেতাজির পরিকল্পনা ছিল, যে করেই হোক ইম্ফলকে ব্রিটিশের কবল থেকে মুক্ত করা। তাহলে ভারতের মাটিতে আজাদ হিন্দের এক মজবুত আপৎকালীন সরকার প্রতিষ্ঠা করা সম্ভব হবে। এভাবে তিনি ব্রিটিশের বিরুদ্ধে লড়াইয়ে ব্যাপক সংখ্যায় ভারতবাসীকে শামিল করাতে পারবেন। আজাদ হিন্দ বাহিনী মণিপুরের অর্ধেক সীমানা প্রায় দশ হাজার কিলোমিটার ব্রিটিশের দখলমুক্ত করে রেখেছিল তিন মাস। মোইরাং-এ প্রথম স্বাধীন ভারতের তেরঙ্গা পতাকা উত্তোলন করেছিল তারা। আজাদ হিন্দ বাহিনী স্থানীয় অধিবাসীদের ব্যাপক সমর্থন ও অকুণ্ঠ ভালোবাসা পেয়েছিল। দশ হাজার আজাদ হিন্দ বাহিনী ও জাপানি সেনার খাদ্য সরবরাহের দুরূহ দায়িত্বভার নিয়েছিল স্থানীয় অধিবাসীরা। স্থানীয় লোকেদের এমন সক্রিয় সহযোগিতা ছাড়া অর্ধেক মণিপুর ব্রিটিশের দখলমুক্ত করে রাখা কখনো সম্ভব হতো না।

বিশ্বব্যাপী যখন দ্বিতীয় বিশ্বযুদ্ধের দামামা বেজে উঠল তখন নেতাজি ছিলেন ব্রিটিশের হাতে গৃহবন্দি। দেশমাতৃকাকে পরাধীনতার শৃঙ্খল মুক্ত করাই যাঁর ধ্যান জ্ঞান তাঁকে কি কেউ ঘরের চৌকাঠে আটকিয়ে রাখতে পারে? ১৯৪১ সালের ৩ এপ্রিল নেতাজি ছদ্মবেশে ব্রিটিশের চোখে ধুলো দিয়ে পাড়ি দিলেন কাবুল ও রাশিয়া হয়ে জার্মানিতে। চেষ্টা করেন ভারতের স্বাধীনতা সংগ্রামে জার্মানির সাহায্য লাভের। তাঁর এই চেষ্টা ব্যর্থ হলে তিনি জাহাজে করে অনেক বিপদসঙ্কুল পথ পেরিয়ে ১৯৪৩ সালে ৬ মে পৌঁছেন টোকিওতে। রাসবিহারী বসুর সহযোগিতায় পুনর্গঠন করেন আজাদ হিন্দ বাহিনী।

১৯৪৩ সালে ২১ অক্টোবর গঠন করেন আজাদ হিন্দের আপৎকালীন সরকার। এরপর যুদ্ধ ঘোষণা করেন ব্রিটিশ ও আমেরিকার বিরুদ্ধে। আওয়াজ তুলেন 'দিল্লি চলো'।

জাপান দ্রুততার সঙ্গে সিঙ্গাপুর, ব্যাংকক, বর্মা, আন্দামান ও নিকোবর থেকে ব্রিটিশ বাহিনীকে বিতাড়ন করে নিজেদের দখলে নিয়ে নেয়। জাপানি সেনার সহযোগিতা নিয়ে আজাদ হিন্দ বাহিনী রেঙ্গুন থেকে মণিপুর অভিযানের প্রস্তুতি নেয়। বার্মায় প্রবাসী মণিপুরিরাও আজাদ হিন্দ বাহিনীতে যোগ দিয়ে মণিপুর অভিযানে এগিয়ে আসেন। এতে নেতৃত্ব দিয়েছিলেন লাইশ্রম গুণ সিং। শিক্ষিত লোক, বিএ, বিএল; বর্মা কর্পোরেশন লিঃ এর কর্মী ছিলেন তিনি। পরাধীন দেশকে মুক্ত করার লক্ষ্যে বর্মা কর্পোরেশনের লোভনীয় চাকরি ছেড়ে তিনি চলে যান মান্দালয়ে। সেখানে গঠন করেন মণিপুরি পোনা ইন্ডিপেন্ডেন্ট লিগ। এর সভাপতি করা হয় সে অঞ্চলের প্রভাবশালী ব্যক্তি উথেনটেন শর্মাকে। ইন্ডিয়ান ইন্ডিপেন্ডেন্ট লিগ এর সঙ্গে এই সংগঠনের নিবিড় যোগাযোগ ছিল। ১৯৪২ সালের ১৭ সেপ্টেম্বরের মধ্যে জাপান সেনা সমগ্র বর্মা দখল নেওয়ার পর তারা এল. গুণ সহ অন্য নেতাদের ডেকে নিয়ে আলোচনায় বসেন। আলোচনায় এল. গুণ জাপানি উচ্চপদস্থ সেনাদের পরিষ্কার জানান– ব্রিটিশকে মণিপুর তথা ভারত থেকে বিতাড়ন করে দেশকে স্বাধীন করাই তাদের মূল লক্ষ্য। জাপানি সেনারাও প্রতিশ্রুতি দেন ব্রিটিশকে ভারত থেকে বিতাড়নে তারা সর্বতোভাবে সাহায্য করবেন। তারা এল. গুণর কাছ থেকে মণিপুরের প্রভাবশালী রাজনৈতিক ব্যক্তিত্ব ও শিক্ষিত লোকেদের নাম ও ঠিকানা জেনে নেন।

এল. গুণ সিং এর নেতৃত্বে বর্মার ৩২ জন প্রবাসী মণিপুরি যুদ্ধে অগ্রণী বাহিনী দলের সঙ্গে মণিপুর অভিযানে অংশ নিয়েছিলেন। ৩২ জনের মধ্যে ১৩ জন তামু হয়ে মণিপুরের পলেল অঞ্চলে পৌঁছে সেখানকার ব্রিটিশ বাহিনীর সব গোপন তথ্য সংগ্রহ ও স্থানীয় লোকেদের সমর্থন আদায়ের চেষ্টা করেন। বাকি ১৯ জন মণিপুরি অগ্রণী সেনার সঙ্গে তিডিম সড়ক দিয়ে অগ্রসর হয়ে ১৯৪৪ সালের মার্চ মাসে চূড়াচান্দ জেলার খুগো গ্রামে পৌঁছেন। তাঁদের মধ্যে চারজন– এম অহনজাও সিং, বি বল্লভ শর্মা, এম চাউবা ও এস য়াইমা সিং ব্রিটিশ সেনার হাতে ধরা পড়েন। তাঁদের কোলকাতায় নিয়ে গিয়ে যুদ্ধ শেষ না হওয়া অবধি বন্দি করে রাখা হয়েছিল।

আজাদ হিন্দ ও জাপানি সেনা যৌথভাবে তিনদিক থেকে ইম্ফল অবরোধ করার জন্য অগ্রসর হয়। তামুর দিক থেকে অগ্রসরমান বাহিনীর সঙ্গে ব্রিটিশ বাহিনীর বড় ঘাঁটি পলেল-এ ঘোরতর যুদ্ধ হয়। দু'পক্ষেরই বড় ধরণের ক্ষয়ক্ষতি হয়। আর একদল সেনা মণিপুরের উখ্রুল হয়ে ইম্ফল–ডিমাপুর সড়ক পথে কোহিমা অবধি পৌঁছে যায়। ডিমাপুর–ইম্ফল পথ অবরোধ করে ব্রিটিশ সেনাদের খাদ্য ও অস্ত্র সরবরাহ লাইন বন্ধ করে দিতে সক্ষম হয়। আর তৃতীয় মূল বাহিনী তিডিম রোড ধরে ভারী অস্ত্র-শস্ত্র ও যুদ্ধের ট্যাঙ্ক নিয়ে আজাদ হিন্দ বাহিনী ও জাপানি সেনা নিয়ে দ্রুত অগ্রসর হতে থাকে। ব্রিটিশ বাহিনীর ১৭ নং ডিভিশন আজাদি সেনাদের প্রতিরোধ করতে ব্যর্থ হয়ে ক্রমেই পিছুতে থাকে। তারা পিছু হটতে হটতে ইম্ফলের কাছাকাছি পোৎশংবম পর্যন্ত পিছিয়ে যেতে বাধ্য হয়। মোইরাং অঞ্চল ত্যাগ করে ব্রিটিশ বাহিনীর পিছু হটে যাওয়া ও ভারতকে স্বাধীন করার লক্ষ্যে আজাদ হিন্দ বাহিনী ও জাপানি সেনার আগমনের



CamScanner

সংবাদে মোইরাংবাসী উৎফুল্ল হয়ে ওঠে। ১৯৪৪ সালের ১৩ এপ্রিল মোইরাং অঞ্চলের চার নেতা– এম কোইরেং সিং (যিনি পরবর্তীকালে মণিপুরের মুখ্যমন্ত্রী হয়েছিলেন), এল সানাবা সিং, কে কাংলেন সিং ও এম মণি সিং মোইরাং-এর লমখাই সেতুর নিচে লুকিয়ে রাত জেগে ব্রিটিশ বাহিনীর প্রত্যাবর্তন লক্ষ করেছিলেন। মোইরাং এর তিন মাইল দক্ষিণে অবস্থিত ত্রোংলাউবীতে ব্রিটিশ বাহিনীর শক্ত ঘাঁটি ছিল। তাদের পরিত্যক্ত ঘাঁটি আজাদ হিন্দ ও জাপানি সেনা দখল নিয়ে নেয়। পরদিন ১৪ এপ্রিল ভোরে কোইরেং সিং ও তাঁর সঙ্গীরা ত্রোংলাউবীতে গিয়ে ইন্দো-জাপান বাহিনীর নেতাদের সঙ্গে দেখা করে কথা বলেন। সেদিন বিকেল ৫টায় আজাদ হিন্দ বাহিনীর বাহাদুর (ইন্টেলিজেন্ট) কমান্ডার কর্নেল সৌকত আলি মালিক মোইরাং-এর ঐতিহাসিক কংলায় (বর্তমানে যেখানে আইএনএ মেমোরিয়েল কমপ্লেক্স গড়ে তোলা হয়েছে) স্বাধীন ভারতের তেরঙ্গা পতাকা উত্তোলন করেন। পতাকা উত্তোলন অনুষ্ঠানে জাপানি সেনা ও সেনা আধিকারিক এবং স্থানীয় অধিবাসীরা উপস্থিত ছিলেন। উপস্থিত জনতার উদ্দেশ্যে কর্নেল মালিক ও জাপানি সেনা আধিকারিক ক্যাপ্টেন ইতু বক্তব্য রাখেন। এম. কোইরেং সিং কর্নেল মালিকের ভাষণ মণিপুরি ভাষায় তর্জমা করে উপস্থিত লোকেদের শোনান। কর্নেল মালিকের ভাষণের সারসংক্ষেপ হল–'আজাদ হিন্দ এর আপৎকালীন সরকার ইংল্যান্ড ও আমেরিকার বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেছে। জাপান সরকারের সহযোগিতা নিয়ে আজাদ হিন্দ বাহিনী ভারত-বর্মা সীমানা অতিক্রম করে ভারতের মূল ভূমিতে প্রবেশ করার অভিযানে আমরা মণিপুরের মোইরাং-এ এসে পৌঁছেছি। আমাদের লক্ষ্য দিল্লি পৌঁছে লালকেল্লায় স্বাধীন ভারতের তেরঙ্গা পতাকা উত্তোলন করা। মোইরাং পর্যন্ত এসে পৌঁছতে আমাদের অনেকের প্রাণ বিসর্জন দিতে হয়েছে। দিল্লি পৌঁছতে আমাদের আরও অনেক প্রাণ দিতে হবে। পবিত্র ভারতভূমি থেকে শত্রুদের বিতাড়নই আমাদের মূল মন্ত্র। আমরা শেষ রক্তবিন্দু দিয়ে লড়াই করে যাব। মণিপুরের জনতা আমাদের সর্বতোভাবে সহযোগিতা করবেন। শত্রুদের কাছে আমাদের কোনো খবরাখবর দেবেন না। তাদের সব খবর আমাদের অবশ্যই জানাবেন। ভারতের স্বাধীনতা হাতের নাগালের মধ্যে এসে গেছে। আমরা তা জয় করে নেবই। এরপর ভারতের জনগণের উন্নতি ও সমৃদ্ধি ঘটবে। আমাদেরকে সাহায্যের হাত বাড়িয়ে দিন। আমাদের যৌথ প্রচেষ্টায় পরাধীনতার গ্লানি থেকে আমরা মুক্তি পাব।' এই বার্তা উপস্থিত জনতা সানন্দে গ্রহণ করে। এটা ভেবে তারা গর্ববোধ করে যে, তারা-ই প্রথম স্বাধীন ভারতের নাগরিক হতে পেরেছে। সেদিন তারা স্বতঃস্ফূর্তভাবে আজাদ হিন্দ বাহিনীকে সবধরণের সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছিলেন।

মোইরাং-এ আজাদ হিন্দ বাহিনীর স্বাধীন ভারতের পতাকা উত্তোলন অনুষ্ঠানে সমাজসেবী হেমাম নীলমণিও উপস্থিত ছিলেন। অনুষ্ঠান থেকে ফিরে গিয়ে তাঁদের বাড়িটিকে আজাদ হিন্দ বাহিনীর প্রধান কার্যালয়ে পরিণত করার ব্যাপারে তাঁর পিতা থাম্বালজাওকে তিনি রাজি করান। যথারীতি হেমাম নীলমণির বাড়িটাকে আজাদ হিন্দ বাহিনীর অগ্রণী দলের প্রধান কার্যালয় করা হয়। কর্নেল মালিক প্রায় আড়াই মাস এই ঘরে থেকে বাহিনীর কার্য পরিচালনা করেছিলেন। তাঁর সঙ্গে ছিলেন আজাদ হিন্দ

বাহিনীর ক্যাপ্টেন হরিক সিং ও দীপচান্দ সিং। নকি আহমদ চৌধুরী ও ডা. চক্রবর্তী মাঝে মধ্যে অন্য ক্যাম্প থেকে সেখানে এসে কর্নেল মালিকের সঙ্গে দেখা করে যুদ্ধের খবরাখবর নিতেন ও শলাপরামর্শ করতেন। এই বাড়িটি হেমাম নীলমণির পরিবারের পক্ষ থেকে এতদিন সংরক্ষণ করে আসছিল। সম্প্রতি কেন্দ্র সরকার ঐতিহাসিক এ বাড়িটি অধিগ্রহণ করেছে। অধিকৃত ০.৫৭ একর জমির উপর ৩১.১৫ কোটি টাকা খরচ করে গড়ে তোলা হয়েছে 'INA Head Quarter Complex'। ভারতের প্রধানমন্ত্রী গত ৪ জানুয়ারি ২০২২ এর আনুষ্ঠানিক উদ্বোধন করেছেন। এখানে উত্তোলন করা হয়েছে ১৬৫ ফুট উচ্চতায় জাতীয় পতাকা (উত্তর-পূর্বাঞ্চলে সর্বোচ্চ)।

এম কোইরেং, হেমাম নীলমণি, কে কাংলেন ও স্থানীয় স্বেচ্ছাসেবীরা ধান, চাল, শুকনো মাছ ও অন্যান্য খাদ্য সামগ্রী সংগ্রহ করে ইন্দো-জাপানি সেনাদের মধ্যে বিলি করতেন। তাঁরা প্রতিদিন প্রায় ৮০ মণ ধান-চাল ও ৪০ মণ শুকনো মাছ সংগ্রহ করতেন। এভাবে মোইরাং-এর অধিবাসীরা প্রায় দশ হাজার সেনাকে তিন মাস ধরে খাদ্যসামগ্রী সরবরাহ করেছিলেন। তাছাড়া আজাদ হিন্দ বাহিনীর প্রধান কার্যালয় পরিচালনার জন্যও অর্থ সংগ্রহ করে কর্নেল মালিকের হাতে তুলে দিতেন। একবার হেমাম নীলমণি কর্নেল মালিককে মণিপুরে অচল জাপানি মুদ্রার বিনিময়ে একুশ হাজার টাকা তুলে দিয়েছিলেন। কর্নেল মালিক হেমাম নীলমণিকে 'শেঠজি' উপাধিতে ভূষিত করে সম্মানিত করেন।

স্বাধীনতার যোদ্ধা আজাদ হিন্দ বাহিনীকে সর্বতোভাবে সাহায্য করার নেতাজির আহ্বান সম্বলিত এক প্রচারপত্র দূত মারফত মণিপুরের বিশিষ্টজনদের হাতে এসে পৌছয়। আজাদ হিন্দ বাহিনীর এডভান্স বেস ক্যাম্প চামুল থেকে লুঙাম লুংডিম নামে এক কুকি যুবক প্রচারপত্রটি শুগ্নুতে মেডিক্যাল অফিসার হিসেবে কর্মরত ডা. গোলাপচান্দ সিং এর হাতে তুলে দেন। তিনি আবার প্রচারপত্রটিকে ইম্ফলে নিয়ে গিয়ে হিজম ইরাবতের অনুগামী প্রজা সম্মিলনীর সভাপতি থোকচোম অঙৌ সিং এর কাছে পৌছে দেন। হিজম ইরাবত সিংহের নেতৃত্বে ব্রিটিশ সাম্রাজ্যবাদ ও সামন্ততন্ত্রের বিরুদ্ধে সংগ্রামরত নিখিল মণিপুরি মহাসভার নেতা ও কর্মীরা নেতাজির আহ্বানে সাড়া দেন। ইম্ফল থেকে মহাসভার ১৩জন নেতা ও নেত্রী মোইরাং-এ গিয়ে আজাদ হিন্দ বাহিনীর কর্মকাণ্ডে যোগ দেন। তাঁরা হলেন– ১) থোকচোম অঙৌ সিং ২) পি তমাল সিং ৩) এস ইবোহল সিং ৪) এল তোম্বী সিং ৫) এল বিজয় সিং ৬) এল কানহাই সিং ৭) এম যাত্রা সিং ৮) ডব্লিউ জ্ঞানেশ্বর সিং ৯) এস অমুবী সিং ১০) এল ইরাবত সিং ১১) কে এইচ যোগেশ্বর সিং ১২) ও কেইনা দেবী এবং ১৩) এম রান্ধনী দেবী।

ইম্ফল ও তমেংলং জেলা ছাড়া মণিপুরের দশ হাজার কিলোমিটার সীমানা ইন্দো-জাপানি বাহিনী ব্রিটিশ কবল থেকে মুক্ত করে ১৫ জুলাই পর্যন্ত তিন মাস নিজেদের দখলে রেখেছিল। ইম্ফল দখল নেওয়ার জন্য মাইবম লোকপা চীং (রেড হিল)-এ ইন্দো-জাপানি বাহিনীর সঙ্গে ব্রিটিশ বাহিনীর এক রক্তক্ষয়ী যুদ্ধ সংঘটিত হয়। তবে ব্রিটিশ বাহিনী পাহাড়ের সুবিধাজনক জায়গায় অবস্থান ও আকাশ পথে বিমান থেকে আক্রমণের ফলে ইন্দো-জাপানি সেনারাই অধিক ক্ষতি হয়েছিল। সেবার জুলাইয়ের



CS CamScanner

প্রথম থেকেই প্রবল বর্ষণ শুরু হয়ে গিয়েছিল। প্রতিকূল পরিস্থিতির কারণে ইন্দো-জাপানি বাহিনীকে মণিপুর ছেড়ে পিছিয়ে আসার জন্য রেঙ্গুনের প্রধান কার্যালয় থেকে নির্দেশ আসে। ফলে ইন্দো-জাপানি বাহিনী ইম্ফল দখলের পরিকল্পনা ত্যাগ করে পিছু হটতে শুরু করে। ব্রিটিশ বাহিনী মোইরাং-এর এলাকাকে শত্রুর অঞ্চল বলে ঘোষণা করে। স্থানীয় অধিবাসীদের উপর নেমে আসে নির্মম অত্যাচার। লোকালয়গুলোতে ব্যাপকভাবে বিমান থেকে বোমা বর্ষণ চলে। মোইরাং অঞ্চলের চার নেতা– কে গোপাল সিং, এম কোইরেং সিং, হেমাম নীলমণি ও এল সানামা সিংকে দেখামাত্র গুলি করার হুলিয়া জারি করে মণিপুরের ব্রিটিশ পলিটিক্যাল এজেন্ট। আজাদ হিন্দ বাহিনীতে যোগ দেওয়া মণিপুরের স্বেচ্ছাসেবীরা ইন্দো-জাপানি বাহিনীর সঙ্গী হয়ে রেঙ্গুনের উদ্দেশ্যে পাড়ি দেন। দীর্ঘ দুর্গম পথ পায়ে হেঁটে ৫৮ দিনের মাথায় তাঁরা রেঙ্গুনে গিয়ে পৌছেন। পথে অসুস্থ হয়ে এনজুং ক্যাম্পে মারা যান মোইরাং এর বিশিষ্ট সমাজসেবী কে গোপাল সিং। চিনউইন নদীর তীরে যথাযোগ্য সামরিক মর্যাদায় তাঁকে দাহ করা হয়। রেঙ্গুনে আজাদ হিন্দ বাহিনীর প্রধান কার্যালয়ে পৌছে তারা দেখা করেন কর্নেল এস এ মালিকের সঙ্গে। তিনি তাঁদেরকে নেতাজির সঙ্গে পরিচয় করিয়ে দেন। পরে আজাদ হিন্দ বাহিনীর যোদ্ধাদের এক জমায়েতে যেভাবে ইন্দো-জাপানি বাহিনীকে মণিপুরবাসী সাহায্য সহযোগিতা করেছেন তার জন্য নেতাজি তাদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। নেতাজির নির্দেশে মণিপুরের ক্লান্ত পরিশ্রান্ত স্বেচ্ছাসেবীদেরকে কান্দুগুল যাত্রী নিবাসে থাকার ব্যবস্থা করা হয়। তাঁদের মধ্যে বেশ কয়েকজন আজাদ হিন্দ বাহিনীতে যোগদান করেন। ও. কেইনা দেবী ও এম. রান্ধনী দেবী যোগ দেন ঝাঁসি বাহিনীতে। আর বাকিরা যোগদান করেন আজাদ হিন্দ বাহিনীর বাহাদুর গ্রুপে।

১৯৪৫ সালের আগস্টের মাঝামাঝি সময়ে জাপান যৌথ বাহিনীর কাছে পরাজয় স্বীকার করে। ফলে নেতাজি তাঁর দলবল নিয়ে রেঙ্গুন ত্যাগ করেন। রেঙ্গুনে আজাদ হিন্দ বাহিনীকে আত্মসমর্পণ করতে হয়। মণিপুরের স্বেচ্ছাসেবীরাও ব্রিটিশ বাহিনীর হাতে বন্দি হয়ে রেঙ্গুনের সেন্ট্রাল জেলে কারারুদ্ধ হন। দিল্লির লালকেল্লায় বন্দি আজাদ হিন্দ বাহিনীর বিচার পর্ব শেষ হয়ে এলে অন্যান্যদের সঙ্গে মণিপুরের বন্দিদেরকেও জাহাজে করে রেঙ্গুন থেকে কোলকাতায় নিয়ে আসা হয়। কোলকাতায় তাদেরকে আজাদ হিন্দ বাহিনী অভ্যর্থনা কমিটির পক্ষ থেকে সংবর্ধনা দেওয়া হয়। পরে মণিপুরের বন্দিদের সরকারি খরচে রেল ও সড়ক পথে মণিপুরে পাঠিয়ে দেওয়া হয়। ১৯৪৬ সালের ৬ মে তারা মণিপুরে এসে পৌছেন।

মোইরাং এর কংলাতে যেখানে আজাদ হিন্দ বাহিনী প্রথম স্বাধীন ভারতের তেরঙ্গা পতাকা উত্তোলন করেছিল সেখানে ১৯৫৬ সালে গড়ে তোলা হয়েছে 'INA Martyrs' Memorial Complex'। সেখানে নেতাজির ব্যবহার্য জিনিস, চিঠিপত্র, ছবি ও অন্যান্য মূল্যবান সামগ্রী সুন্দরভাবে সংরক্ষিত করে রাখা হয়েছে। বর্তমানে এটি পর্যটকদের অন্যতম আকর্ষণস্থলে পরিণত হয়েছে। মণিপুরের যারা আজাদ হিন্দ বাহিনীতে যোগ দিয়েছিলেন তাঁদের মধ্যে মাত্র ১৩ জনের নাম ও ছবি সহ পরিচিতি লেখা রয়েছে সেখানে। যে ১৩ জনের পরিচিতি লেখা রয়েছে তাঁরা হলেন–

১। মাইরেম্বম কোইরেং সিং (১৯.১২.১৯১৫-২৭.১২.১৯৯৪)
২। নকি আহমদ চৌধুরী (১৯১৪-)
৩। হেমাম নীলমণি (১০.০৭.১৯৪২-)
৪। মাইরেম্বম অহনজাও সিং (১৯১৪-)
৫। লাইফ্রাকপম সানাবা সিং (১৮৯৫-)
৬। এম যাত্রা সিং (১৯১৬-)
৭। মুতুম অমুবা সিং (১৯১০-)
৮। লাইশ্রম ইরাবত সিং (১৯২০-)
৯। পোৎশংবম তমাল (১৯০৩-)
১০। ও. কেইনা দেবী (১৯১২-)
১১। থোকচোম অঙৌ
১২। সেমখোহাও হাওকিপ এবং
১৩। সারুংবম ইবোহল সিং।

যাঁদের নাম বাদ রয়ে গেছে তাঁদের নাম শিগগিরই সংযোজন করা ও সঠিক তথ্য দিয়ে তাঁদের পরিচিতি লেখা দরকার। আজাদ হিন্দ বাহিনীর মণিপুরের স্বেচ্ছাসেবী দলের অন্যতম নেতা ও যিনি পরবর্তীকালে মণিপুরের মুখ্যমন্ত্রী হয়েছিলেন সেই মাইরেম্বম কোইরেং সিং ১৯৯৩ সালে মোইরাং-এ অনুষ্ঠিত `Netaji and the INA' শীর্ষক এক জাতীয় সেমিনারে পাঠ করা তাঁর নিবন্ধ `Contribution of the Manipuris in the INA Movement' এর পরিসমাপ্তিতে আক্ষেপ করে বলেছেন–`... those friends who went underground suffered in the nearby hills for about a year or so were not included in the list of freedom fighters, not to speak of 'sanman' pension and facilities under the present amended rules of freedom fighters. The rule says that the person who went underground shall have to be indentified by a co-worker freedom fighters, who suffered five years imprisonment and enjoyed 'sanman' pension and facilities. There may be many freedom fighters participated under the leadership of Mahatma Gandi who suffered five years or more imprisonment available, But in the history of INA Movement no one is proper to be imprisoned for five years because of period of INA movement was less than five years.

I am to appraise the Government of India that the participation of the Manipuris in this movement had been compelled to limit only to those persons who suffered imprisonment at least six months. Those who went underground suffered pain in the hills were excluded by the present amended rules.'

জানি না এম. কোইরেং সিং এর আবেদনে সাড়া দিয়ে ভারত সরকার আজাদ হিন্দ



CamScanner

বাহিনীর স্বাধীনতা সংগ্রামীদের জন্য নিয়ম শিথিল করা হয়েছিল কি না। বলা বাহুল্য, ধর্ম বর্ণ জাতি উপজাতি নির্বিশেষে সেদিন মণিপুরের ব্যাপক অংশের মানুষ আজাদ হিন্দ বাহিনীর পাশে দাঁড়িয়েছিলেন। অনেকেই আজাদ হিন্দ বাহিনীতে যোগ দিয়ে ব্রিটিশের বিরুদ্ধে লড়াইয়ে অংশ নিয়েছিলেন। এর জন্য তারা ব্রিটিশ বাহিনীর হাতে নির্মমভাবে অত্যাচারিত হয়েছিলেন। তাদের ঘরবাড়ি জ্বালিয়ে পুড়িয়ে দিয়েছিল। তারা ঘরছাড়া হয়ে পাহাড় জঙ্গলে আশ্রয় নিয়েছিল। অথচ এর স্বপক্ষে দরকারি নথি দেখাতে না পারায় তাঁরা উপেক্ষিত হয়েছেন। অথচ তাদের সক্রিয় সহযোগিতা ছাড়া গোটা মণিপুরের অর্ধেক সীমানা তিন মাস ব্যাপি ব্রিটিশ কবল থেকে মুক্ত করে রাখা সম্ভব ছিল না আজাদ হিন্দ বাহিনীর পক্ষে।

**তথ্যসূত্র**

১। "INA and Manipur : An unforgettable battle for India's Independence" edited by Shukhdeba Sharma Hanjabam & Aheibam Koireng Singh. Published in commemoration of 125th birth anniversary of Netaji Subhas Chandra Bose by Intellectual Forum of North East, Imphal.

২। Contribution of the Manipuris in the INA movement– Mairembam Koireng Singh

৩। INA Headquarters, Moirang, 1944 - Hemam Nilamani Singh.

৪। India's Last war of independence and Shri H. Nilmani Singh – Prof. Y Madhu Singh.

৫। পাঙল শক্লাইবশিং–এম এম আহমদ।

**এল. বীরমঙ্গল সিংহ :** গল্পকার ও প্রাবন্ধিক; প্রাক্তন সাধারণ সম্পাদক, মণিপুরী সাহিত্য পরিষদ, ত্রিতপুরা, আসাম, ভারত।



CamScanner

এ কে শেরাম

# মাতৃভাষার মাধ্যমে শিক্ষা : বাংলাদেশ পরিপ্রেক্ষিত প্রসঙ্গ : মণিপুরী বা মৈতৈ ভাষা

## মাতৃভাষার মাধ্যমে শিক্ষা : সূচনাকথা

মাতৃভাষার মাধ্যমে শিক্ষালাভ মানুষের এক মৌলিক অধিকার। আর এই অধিকার প্রতিষ্ঠার জন্য যুগে যুগে দেশে দেশে নানা মানুষ সংগ্রাম করেছে। বাংলাদেশেও, তৎকালীন পূর্বপাকিস্তানে, বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষা করার দাবিতে বাংলার দামাল ছেলেরা উনিশ শ' বায়ান্ন সালে বুকের রক্ত দিয়ে সৃষ্টি করেছিল এক অনন্য ইতিহাস 'একুশে ফেব্রুয়ারি', যে ইতিহাস গৌরবে-সৌরভে প্লুত হয়ে আন্তর্জাতিক স্বীকৃতির মাধ্যমে এই তারিখটি আজ 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' হিসেবে পালিত হচ্ছে সারা বিশ্বে; আর এই ইতিহাস থেকেই বিশ্বের প্রতিটি জনগোষ্ঠী নিজ-নিজ মাতৃভাষাকে অধিকতর ভালোবাসার এবং যথাযোগ্য মর্যাদায় প্রতিষ্ঠিত করার প্রণোদনা পাচ্ছে। কিন্তু দুর্ভাগ্যজনক হল, মাতৃভাষার জন্য আত্মদানের অনন্য ইতিহাস সৃষ্টিকারী সেই বাংলাদেশে এখনও ক্ষুদ্র জনগোষ্ঠীর সদস্যরা মাতৃভাষায় শিক্ষালাভের সেই মৌলিক অধিকার থেকে বঞ্চিত হচ্ছে, এখনও তাদের ভাষাগুলো রাষ্ট্রীয় ও প্রাতিষ্ঠানিক কোনও স্বীকৃতি ছাড়াই অবহেলায়-অবজ্ঞায় হারিয়ে যাওয়ার আশংকার মুখে দাঁড়িয়ে আছে। তবে, সম্প্রতি সরকারি উদ্যোগে এইসব ক্ষুদ্র জনগোষ্ঠীর কয়েকটি ভাষায় প্রাথমিক পর্যায়ে শিক্ষালাভের সুযোগ সৃষ্টি করা হয়েছে। এ থেকে, সামান্য হলেও, একটি আশার আলো আমরা দেখতে পারছি। আমরা আশা করবো, সরকার দ্রুততম সময়ে দেশের সকল জনগোষ্ঠীর জন্যে প্রত্যেকের মাতৃভাষায় তাদের সন্তানদের শিক্ষালাভের সুযোগ সৃষ্টি করবেন।

## মণিপুরী বা মৈতৈ ভাষা : প্রসঙ্গকথা

বাংলাদেশের প্রধান জাতিসত্তা বাঙালির পাশাপাশি আদিবাসী বা অন্যান্য ক্ষুদ্র নৃতাত্ত্বিক যে জনগোষ্ঠীগুলো রয়েছে, তাদের অন্যতম মণিপুরী জাতি। আমরা জানি, প্রতিটি



CamScanner

জনগোষ্ঠীরই রয়েছে নিজস্ব মাতৃভাষা–যা তাদের নিজেদের কাছে ভালোবাসার আঙরাখায় মোড়ানো প্রিয়তম ভাষা। মণিপুরীদেরও রয়েছে নিজস্ব ভাষা ও সাহিত্য। সাধারণভাবে যেমন বলা হয়ে থাকে মণিপুরী জাতি মঙ্গোলীয় মহাপরিবারের তিব্বত-ব্রহ্ম শাখার কুকি-চীন গোষ্ঠীর অন্তর্গত; তেমনি অধিকাংশ ভাষাবিজ্ঞানীই মণিপুরী ভাষাকেও মঙ্গোলীয় পরিবারের টিবেটো-বার্মান শাখার কুকি-চীন গোষ্ঠীর অন্তর্গত বলে মত প্রকাশ করেছেন। ভারতবর্ষে প্রথম বিজ্ঞানসম্মতভাবে ভাষা শ্রেণীকরণের কাজ করেছিলেন ড. জি. এ. গ্রীয়ারসন। তাঁর বিশালকায় কাজ `Linguistic Survey of India'তে তিনি মণিপুরী ভাষাকে মঙ্গোলীয় ভাষাপরিবারের টিবেটো-বার্মান শাখার অন্তর্গত বলে উল্লেখ করলেও 'কুকি-চীন' গোষ্ঠীর আওতাভুক্ত বলার ক্ষেত্রে একটু দ্বিধান্বিত। তিনি মনে করেন 'মৈতৈ ভাষা', পরবর্তীতে যা 'মণিপুরী ভাষা' হিসেবে পরিচিত হয়েছে, তা মণিপুর রাজ্যের প্রধান ভাষা এবং একটি দীর্ঘ ও স্বতন্ত্র ইতিহাসের অধিকারী। তাই তিনি মৈতৈ ভাষাকে টিবেটো-বার্মান ভাষাপরিবারের 'কুকি-চীন' গোষ্ঠীর আওতায় না রেখে একটি স্বতন্ত্র শাখা হিসেবে চিহ্নিত করে এর নাম 'কুকি-চীন'-এর পরিবর্তে 'মৈতৈ-চীন' উল্লেখের পক্ষপাতী। (Grierson : 1904 : Vol-iii, Part-iii)। ভারতের সেন্সাস বিবরণীতেও মণিপুরী ভাষাকে মঙ্গোলীয় পরিবারের টিবেটো-বার্মান শাখার কুকি-চীন গোষ্ঠীর অন্তর্ভুক্ত করা হয়েছে। (Census of India-1971)। ভাষাচার্য ড. সুনীতি কুমার চট্টোপাধ্যায়সহ বিভিন্ন পণ্ডিত ব্যক্তিরাও একই মত পোষণ করে থাকেন।

মণিপুরী ভাষা নিজেদের মধ্যে 'মৈতৈলোন' বা মৈতৈভাষা নামেও পরিচিত। মণিপুরীদের আদি ও মূলভূমি হলো, এককালের স্বাধীন রাজ্য, বর্তমানে ভারতের উত্তর-পূর্বাঞ্চলীয় রাজ্য–মণিপুর। মণিপুরের আইনসভায় পাশকৃত 'The Manipur Official Language Bill-1979'-এ বলা হয়েছে–`Manipuri Language means `Meitei Lon' written in Bengali script and spoken by the majority of Manipur population.' (Manipur Act 14 of 1979)। প্রসঙ্গত উল্লেখ্য, বর্তমানে যারা 'মণিপুরী' নামে পরিচিত, বা, মণিপুরী ভাষা, সাহিত্য ও সংস্কৃতি বলতে যে ভাষা, সাহিত্য ও সংস্কৃতিকে বুঝানো হয়ে থাকে, উনবিংশ শতাব্দীর শেষার্ধ পর্যন্ত তা মৈতৈ জাতি বা মৈতৈ ভাষা, সাহিত্য ও সংস্কৃতি নামে পরিচিত ছিল। মণিপুরে হিন্দু ধর্মের ব্যাপক প্রচার ও প্রসারের প্রেক্ষিতে সিলেট থেকে আগত একজন হিন্দু ধর্ম প্রচারক অষ্টাদশ শতাব্দীর প্রথম দিকে মহাভারতোক্ত মণিপুরের সাথে কল্পিত যোগসূত্র আবিষ্কার করে তখন 'মৈতৈলৈপাক' নামে পরিচিত এ রাজ্যের নূতন নামকরণ করেন 'মণিপুর' এবং অধিবাসীদের নাম দেন 'মণিপুরী'। (ভোগেশ্বর : ১৯৭২ : ৪৯)। মণিপুরে ব্রিটিশ আগমন সূচিত হলে 'মণিপুর' এবং 'মণিপুরী' শব্দগুলো দ্রুত জনপ্রিয়তা লাভ করে। পরবর্তীতে ১৮৯১ সালে স্বাধীন মণিপুর রাজ্য ব্রিটিশদের সম্পূর্ণ করতলগত হওয়ার পর পুরোপুরিভাবেই 'মৈতৈ' শব্দের স্থান গ্রহণ করে 'মণিপুরী'। তবে এক্ষেত্রে মণিপুরী শব্দটি ব্যবহৃত হয় নৃতাত্ত্বিক পরিচিতিসূচক 'মৈতৈ' শব্দের সমার্থক শব্দ হিসেবে। মণিপুরী ভাষা অত্যন্ত প্রাচীন। মৈতৈলোন বা মণিপুরী ভাষা হাজার বছর ধরে ভারতের মণিপুর রাজ্যের রাজ্যভাষা এবং সর্বোচ্চ বিদ্যাপীঠ পর্যন্ত শিক্ষাদানের মাধ্যম হিসেবে প্রচলিত হয়ে এসেছে। এছাড়াও এ



CamScanner

ভাষা বর্তমানে মণিপুর, গৌহাটি, আসাম বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন বিশ্ববিদ্যালয়, নয়াদিল্লীর সাহিত্য একাডেমী এবং মণিপুর, আসাম, দিল্লী, পশ্চিমবঙ্গসহ বিভিন্ন শিক্ষাবোর্ড কর্তৃক অনুমোদিত। আকাশবাণী ইম্ফালসহ আকাশবাণীর বিভিন্ন কেন্দ্রের মণিপুরী অনুষ্ঠানের প্রচার মাধ্যমও মণিপুরী ভাষা তথা এই মৈতৈলোন। তাছাড়া ১৯৯২ সালে ভারত সরকার 'মণিপুরী ভাষা' তথা মৈতৈ ভাষা-কে ভারতীয় সংবিধানের অষ্টম তপশীলে অন্তর্ভূক্তির মাধ্যমে ভারতের অন্যতম গুরুত্বপূর্ণ একটি ভাষা হিসেবে স্বীকৃতি দিয়েছেন। মণিপুরী সাহিত্যও প্রাচীনতা এবং ঋদ্ধতার গৌরবে গরীয়ান। প্রথম শতাব্দী থেকেই মণিপুরী সাহিত্যের সূচনা হয়েছে বলা হয়। তবে, এখন পর্যন্ত আবিষ্কৃত প্রাচীনতম যে পাণ্ডুলিপি, 'পোইরেতোন খুনথোকপা', তা তৃতীয় শতাব্দীতে রচিত বলে পণ্ডিতেরা দাবি করেন। (Nilkanta : 1982 : 101)। উৎকর্ষের বিচারেও মণিপুরী ভাষা ও সাহিত্যের স্থান উত্তর-পূর্ব ভারতে তৃতীয়–বাংলা এবং অসমীয়ার পরেই। (Jyotirmoy :1973 : 1)। কিন্তু বাংলাদেশে সম্প্রতি এই 'মণিপুরী ভাষা' বা 'মৈতৈ ভাষা'কে 'মণিপুরী মৈতৈ ভাষা' হিসেবে পরিচয় দেওয়ার একটি প্রবণতা লক্ষ করা গেছে, যা আসলে সঠিক নয়। মণিপুরীদের মূলভূমি বা আদিভূমি ভারতের মণিপুর রাজ্যের সরকারি ভাষার নাম 'মণিপুরী ভাষা', যা নিজেদের মধ্যে 'মৈতৈ লোন' নামেও পরিচিত; আবার ভারতীয় সংবিধানের অষ্টম তপশীলে অন্তর্ভুক্তির মাধ্যমে যে ভাষা ভারতের অন্যতম গুরুত্বপূর্ণ একটি জাতীয় ভাষা বলে স্বীকৃত, তাও এই 'মণিপুরী ভাষা'ই। আমরা জানি, বাংলাদেশে মণিপুরী পরিচয়ে যে তিনটি জনগোষ্ঠী বসবাস করে, তাদের মধ্যে মৈতৈ বা মূল মণিপুরী এবং মৈতৈপাঙন বা মণিপুরী মুসলিম জনগোষ্ঠীর মাতৃভাষা 'মণিপুরী ভাষা'। অপরপক্ষে বিষ্ণুপ্রিয়া মণিপুরী জনগোষ্ঠীর মাতৃভাষার নাম 'বিষ্ণুপ্রিয়া মণিপুরী ভাষা' (কেউ কেউ বলে থাকেন 'মণিপুরী বিষ্ণুপ্রিয়া ভাষা')। এই দুটি সম্পূর্ণ স্বতন্ত্র ভাষা, 'টিবেটো-বার্মান' ভাষাপরিবারের অন্তর্গত মণিপুরী ভাষার বিপরীতে বিষ্ণুপ্রিয়া মণিপুরী ভাষা হল 'ইন্দো-ইউরোপীয়' ভাষাপরিবারের। সম্পূর্ণ স্বতন্ত্র ও সমৃদ্ধ দুটি ভাষাকে 'মণিপুরী মৈতৈ ভাষা' ও 'মণিপুরী বিষ্ণুপ্রিয়া ভাষা' বলে একই ভাষার দুটি উপভাষার মতো করে পরিচয় দেয়া আসলে এই দুই ভাষার জন্যেই অবমাননাকর। সরকারি ও প্রাতিষ্ঠানিক পর্যায়ে এরকম ভুল উপস্থাপনা যাতে না হয় এ ব্যাপারে সংশ্লিষ্ট সকলকে সচেতন থাকার জন্য বিনীত অনুরোধ জানাই।

## মণিপুরী লিপি

মণিপুরী ভাষা বর্তমানে বাংলা লিপিতে লিখিত হচ্ছে। তবে, মণিপুরী ভাষার নিজস্ব লিপিপদ্ধতি আছে। 'মৈতৈ ময়েক' নামে পরিচিতি এই লিপি কখন থেকে প্রচলিত হয়েছে এ-ব্যাপারে নিশ্চিত হওয়া না গেলেও কমপক্ষে দুইশত খ্রিষ্টপূর্বাব্দেই মণিপুরের মোইরাং অঞ্চলের সাথে ভারতীয় মৌর্য সভ্যতার একটি যোগাযোগ গড়ে উঠেছিলো বলে জানা যায়; আর তখন থেকেই ব্রাহ্মী লিপির অনুকরণে একটি লিপির সৃষ্টি করে এই অঞ্চলে লেখালেখির সূচনা হয় বলে ইতিহাসবিদরা অনুমান করে থাকেন। (Ibohal : 1986 : 501-502)। মণিপুরী লিপিতে লেখা হাজারেরও বেশি পাণ্ডুলিপি ইতোমধ্যে

আবিষ্কৃত হয়েছে। কারো কারো মতে খ্রিস্টীয় প্রথম শতকে মণিপুররাজ পাখংবা এই লিপির উদ্ভাবন করেন। তখন এর সংখ্যা ছিল ১৮। পরে সপ্তদশ শতাব্দীতে মহারাজ খাগেম্বা কর্তৃক আরও কিছু বর্ণ সংযোজিত হয়। অষ্টাদশ শতাব্দীর প্রথমার্ধে মহারাজ গরীবনেওয়াজের শাসনামলে বাংলা অঞ্চল থেকে আগত সনাতন হিন্দু ধর্ম, বিশেষত তার কিছু পরে চৈতন্য প্রবর্তিত বৈষ্ণব ধর্মের ব্যাপক বিস্তৃতিলাভের প্রেক্ষাপটে মণিপুরী লিপি বিলুপ্ত করে বাংলা লিপির প্রচলন করা হয়। সেই থেকেই মণিপুরী ভাষা বাংলা লিপিতে লিখিত হয়ে আসছে। অবশ্য বর্তমানে মণিপুর রাজ্যে প্রাচীন মণিপুরী লিপি পুনঃপ্রবর্তনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ২০০৫ সাল থেকে মণিপুরী লিপিতে রচিত বই দিয়ে স্কুল পর্যায়ের পাঠ্যক্রম শুরু হয়। বর্তমানে কলেজ পর্যায় পর্যন্ত বিস্তৃত হয়েছে মণিপুরী লিপিতে রচিত গ্রন্থ দিয়ে শিক্ষা কার্যক্রম পরিচালনা। মণিপুরী লিপির অনুপম বৈশিষ্ট্য হলো—এর প্রতিটি বর্ণমালার নামকরণ করা হয়েছে দেহের এক-একটি অঙ্গ-প্রত্যঙ্গের নামানুসারে এবং এর আঙ্গিক গঠনও সংশ্লিষ্ট ঐ অঙ্গ-প্রত্যঙ্গের গঠন প্রকৃতির সাথে সাদৃশ্যপূর্ণ। উদাহরণস্বরূপ বলা চলে—বাংলা 'ক'-এর মণিপুরী প্রতিবর্ণের নাম 'কোক', যার বাংলা অর্থ মাথা। এমনি করে বাংলা 'স'-এর মণিপুরী প্রতিবর্ণ হলো 'সম', যার অর্থ চুল এবং বাংলা 'ম'-এর মণিপুরী প্রতিবর্ণ 'মিৎ', যার অর্থ চোখ ইত্যাদি। মানব দেহের বিভিন্ন অঙ্গ-প্রত্যঙ্গের নামানুসারে মণিপুরী বর্ণমালার নামকরণ এক অনন্য নিদর্শন এবং সম্ভবত পৃথিবীতে নজিরবিহীন।

## বাংলাদেশে মণিপুরী

বাংলাদেশে মণিপুরী বসতিস্থাপনের সূচনা কয়েকশত বৎসর আগে। অভ্যন্তরীন কলহ এবং বহিঃআক্রমণ এসব কারণে সৃষ্ট যুদ্ধবিগ্রহজনিত পরিস্থিতিতে মণিপুরী জনগণ মাতৃভূমি মণিপুর ছেড়ে পালিয়ে এসে পার্শ্ববর্তী রাজ্যসমূহে বসতি স্থাপন করে। তাদেরই একাংশ বর্তমান বাংলাদেশের ভূখণ্ডেও এসে বসতি গড়ে। সপ্তদশ শতাব্দীর প্রথম দিক থেকেই এরকম ঘটনার সূচনা। তবে বাংলাদেশ ভূখণ্ডে মণিপুরীদের ব্যাপক বসতিস্থাপনের ঘটনা ঘটে উনবিংশ শতকের প্রথম দিকে। বার্মিজদের (বর্তমান মায়ানমার) সাথে যুদ্ধে পরাজিত হয়ে ১৮১৯ থেকে ১৮২৫ খ্রিস্টাব্দ এই সাত বৎসরকাল মণিপুর কার্যত বার্মিজদের নিয়ন্ত্রণে থাকে। তারা সেসময় হত্যা, লুণ্ঠন সহ প্রচুর ধ্বংসযজ্ঞ চালায়। মণিপুরের অনেক অধিবাসী বার্মিজদের হাতে মারা যায়, অনেককে বন্দি করে নিয়ে যাওয়া হয় বার্মায় এবং অনেকে মণিপুর ছেড়ে পালিয়ে এসে পার্শ্ববর্তী রাজ্যসমূহে বসতি স্থাপন করে। সে সময়েই মণিপুরের রাজভ্রাতৃত্রয় চৌরজিৎ, মারজিৎ ও গম্ভীর সিংহ প্রচুর অনুগামী প্রজাবৃন্দসহ সিলেটে এসে ব্রিটিশদের কাছে আশ্রয় নেন। সিলেট শহরের মির্জাজাঙ্গাল এলাকায় রাজবাড়ি নির্মাণ করে সেখানে অবস্থান নেন তাঁরা। সেই এলাকাটি এখন 'মণিপুরী রাজবাড়ি' নামে পরিচিত। (শেরাম : ২০১৭ : ৩২)। একসময় সিলেটের বাইরে ঢাকা, নেত্রকোণা বা অন্যান্য অঞ্চলেও মণিপুরী বসতির ইতিহাস থাকলেও বর্তমানে মণিপুরীরা কেবল সিলেট বিভাগের চারটি জেলা, সিলেট সদর, মৌলভীবাজার, হবিগঞ্জ ও সুনামগঞ্জে বসবাস করে।



CS CamScanner

## মণিপুরী ভাষায় শিক্ষা প্রসঙ্গ

বাংলাদেশে মণিপুরী ভাষায় সরকারিভাবে বা প্রাতিষ্ঠানিক উদ্যোগে শিক্ষা কার্যক্রম পরিচালনার কোনও নজির নেই। ২০১০ সালে প্রণীত শিক্ষানীতির আওতায় সরকারি উদ্যোগে প্রাথমিক পর্যায়ে মাতৃভাষায় শিক্ষালাভের যে কার্যক্রম শুরু হয়েছে সেখানে প্রথম ধাপে যে পাঁচটি ভাষাকে নির্বাচন করা হয়েছে তার মধ্যে মণিপুরী ভাষা নেই।

বাংলাদেশে যেহেতু মণিপুরীরা খুবই সংখ্যাস্বল্প এবং তাদের বসতি সিলেট বিভাগের বিভিন্ন অঞ্চলে খুবই বিক্ষিপ্তভাবে; তাছাড়া যেহেতু সরকারি বা প্রাতিষ্ঠানিকভাবে মাতৃভাষায় শিক্ষালাভের কোনও সুযোগ নেই তাই পারিবারিক পরিমণ্ডল ছাড়া মণিপুরী ভাষা চর্চারও কোনো অবকাশ নেই। ফলে মণিপুরী ভাষা চর্চার অভাবে ক্রমশ ম্লান হতে হতে হারিয়ে যাওয়ার আশঙ্কার মুখে এসে দাঁড়ায়। বিশেষ করে নতুন প্রজন্মের মধ্যে বাংলার ক্রমবর্ধমান প্রভাবের কারণে নিজ মাতৃভাষা মণিপুরী ভাষার প্রভাব ক্রমশ কমে যেতে থাকে এবং তাদের অনেকেই মাতৃভাষা ভুলে যেতে থাকে। এরকম এক পরিস্থিতিতে মণিপুরী ভাষা ও সাহিত্যের চর্চা ও বিকাশের লক্ষ্যে ১৯৭৫ সালের ১১ মে তারিখে গঠিত হয় 'বাংলাদেশ মণিপুরী সাহিত্য সংসদ'। এই সংগঠনের উদ্যোগে অনিয়মিত মণিপুরী সাহিত্য সংকলন প্রকাশ করা, সেমিনার, সিম্পোজিয়ামসহ মণিপুরী ভাষা ও সাহিত্যের বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন, পরবর্তীতে মণিপুরী সাহিত্যের বিভিন্ন গ্রন্থ প্রকাশ ইত্যাদি কার্যক্রম অব্যাহত থাকে। এখন পর্যন্ত সংসদের মুখপত্র হিসেবে মণিপুরী ও বাংলা ভাষায় দ্বিভাষিক সংকলন হিসেবে 'মৈরা'র ৫৮টি সংখ্যা প্রকাশিত হয়েছে। তাছাড়া অদ্যাবধি কবিতা, গল্প, প্রবন্ধ, উপন্যাসসহ মণিপুরী সাহিত্যের ৫৬টি গ্রন্থ প্রকাশিত হয়েছে। কিন্তু তারপরও তরুণ প্রজন্মের মধ্যে মণিপুরী ভাষার প্রতি আগ্রহ সৃষ্টিতে তেমন উল্লেখযোগ্য সাফল্য অর্জিত না হওয়ায় বাংলাদেশ মণিপুরী সাহিত্য সংসদ ২০০৮ খ্রিস্টাব্দ থেকে 'মণিপুরী ভাষা উৎসব' শিরোনামে নতুন একটি কার্যক্রম শুরু করে। এই কর্মসূচির আওতায় মণিপুরী ভাষায় মণিপুরী লিপি, ভাষা-সাহিত্য এবং মণিপুরী ইতিহাস ও বাংলাদেশ সম্পর্কে বিভিন্ন তথ্য সম্বলিত একটি পুস্তিকা প্রণয়ন করে মাধ্যমিক স্কুল পর্যায়ের মণিপুরী শিক্ষার্থীদের মধ্যে বিতরণ করা হয়। তারপর দুইটি গ্রুপে বিভক্ত করে নির্ধারিত দিনে লিখিত পরীক্ষার আয়োজন করা হয়। প্রথমে মণিপুরী অধ্যুষিত কয়েকটি অঞ্চলের শিক্ষার্থীদের নিয়ে আঞ্চলিক পরীক্ষা অনুষ্ঠিত হয়। আঞ্চলিক পরীক্ষায় উত্তীর্ণদের নিয়ে সিলেটে কেন্দ্রীয়ভাবে প্রতিযোগিতামূলক পরীক্ষা, কুইজ, আবৃত্তি, সংগীত ও নৃত্য, আলোচনা ইত্যাদি অনুষ্ঠানের মাধ্যমে 'মণিপুরী ভাষা উৎসব' শিরোনামে দিনব্যাপী একটি অনুষ্ঠানের আয়োজন করা হয়। আঞ্চলিক ও কেন্দ্রীয় প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে ক্রেস্ট, নগদ টাকা ও বই পুরস্কার হিসেবে প্রদান করা হয়। এই আয়োজনের ফলে মণিপুরী শিক্ষার্থীদের মধ্যে নিজ মাতৃভাষার প্রতি ভালোবাসা যেমন বৃদ্ধি পেয়েছে তেমনি মণিপুরী লিপিসহ ভাষা লেখা ও পড়ার দক্ষতা অর্জিত হচ্ছে। এই কর্মসূচিটি বাংলাদেশে মণিপুরী ভাষাকে বাঁচিয়ে রাখার ক্ষেত্রে খুবই ইতিবাচক ভূমিকা রাখছে। তাছাড়া 'মণিপুরী ভাষা গবেষণা ও উন্নয়ন সংস্থা' নামের একটি সংগঠন ২০১২ সাল থেকে বাংলাদেশের মণিপুরী অধ্যুষিত ৭টি



CamScanner

অঞ্চলে 'মণিপুরী স্কুল' নামে অনিয়মিত সাপ্তাহিক স্কুল চালু করে প্রাথমিক স্কুল পর্যায়ের মণিপুরী শিক্ষার্থীদের মধ্যে মণিপুরী লিপি ও ভাষা শিক্ষাদান কার্যক্রম চালিয়ে যাচ্ছে। 'একডো' নামের একটি স্বেচ্ছাসেবী সংগঠনও এ-জাতীয় ৩টি স্কুল নিয়মিত পরিচালনা করছে। এছাড়া একেবারে ব্যক্তিগত উদ্যোগে বৃন্দারাণী সিনহা নামের একজন প্রাথমিক শিক্ষক নিজের মাতৃভাষার প্রতি ভালোবাসার একান্ত তাগিদে নিজের বাড়িতেই 'মণিপুরী ভাষা প্রশিক্ষণ কেন্দ্র' নামের একটি শিক্ষা প্রতিষ্ঠান খুলেছেন, যেখানে তিনি প্রতি শুক্রবার স্কুল পর্যায়ের শিক্ষার্থী এবং বয়স্কদের মধ্যে মণিপুরী ভাষা ও লিপি শিক্ষার কার্যক্রম পরিচালনা করছেন।

## উপসংহার

বাংলাদেশে নিতান্তই ব্যক্তিগত বা সংগঠনগত উদ্যোগে মণিপুরী ভাষার চর্চা ও বাঁচিয়ে রাখার কিছু কিছু প্রয়াস কার্যকর থাকলেও এই আয়োজন প্রয়োজনের সামগ্রিকতাকে মোটেও স্পর্শ করতে পারছে না। এর জন্যে প্রয়োজন আসলে সরকারি উদ্যোগ। আমরা অত্যন্ত আশাবাদী, সরকার প্রাথমিক পর্যায়ে সকল মাতৃভাষায় শিক্ষাদানের যে কর্মোদ্যোগটি গ্রহণ করেছেন তারই ধারাবাহিকতায় দ্রুততম সময়ের মধ্যে মণিপুরী ভাষায়ও শিক্ষাদান কর্মসূচি শুরু করবেন, যার ফলে মণিপুরী ভাষা সমস্ত প্রতিকূলতার মধ্যেও বেঁচে থাকার একটি দৃঢ় অবলম্বন পাবে।

## গ্রন্থপঞ্জি


১. G. A. Grierson; Linguistic Survey of India; Calcutta, 1904.
২. Census of India – 1971; Language Handbook on Mother Tongues in Census; Monograph No. 10; Delhi, 29 June 1972.
৩. The Manipur Official Language Bill - 1979 (Bill No. 10 0f 1979); Imphal, 12th April, 1979.
৪. ও. ভোগেশ্বর সিংহ (সম্পাদিত); সনামহী লাইকন; ইম্ফাল, ১৯৭২ (অষ্টাদশ শতাব্দীর একটি গ্রন্থ)।
৫. E. Nilkanta Singh; Aspects of Indian Culture; Imphal, 1982.
৬. Prof. Jyotirmoy Roy; History of Manipur; Imphal, 1973 (2nd Ed.).
৭. W. Ibohal Singh; The History of Manipur (An early period); Imphal, 1986.
৮. এ কে শেরাম; মণিপুরী মঞ্জুষা; ঢাকা ২০১৭।



**এ কে শেরাম :** কবি ও গবেষক; সভাপতি, বাংলাদেশ মণিপুরী সাহিত্য সংসদ, সিলেট।





CamScanner

অনন্ত সিংহ নিশি

# সমাজ ও পরিবারে বৃদ্ধাদের প্রতি দায়িত্ব

মহিলা বা নারী এই শব্দের মধ্যে নিহিত আছে এক সম্ভাবনাময় পৃথিবী । আদিকাল থেকে বর্তমান সময় পর্যন্ত কবি-সাহিত্যিকদের রচনায় এক বিশেষ স্থান দখল করে আছে মহিলা বা নারী সমাজ। প্রাচীনকাল থেকে নারীদের শ্রেষ্ঠত্বের এবং অবদানের গল্প কথা তো আছেই, তাছাড়া বর্তমান আধুনিক যুগে রাজনৈতিক, অর্থনৈতিক ও দেশপ্রেম ইত্যাদি বিষয়ে নারীদের অবদান আমাদের দৃষ্টির সামনে বাস্তব প্রমাণ। কিন্তু আমাদের সমাজে অনেক ভাবনা পরিলক্ষিত হয় যে নারীরা স্বরাজের অনুপযুক্তা। নারীকে পুরুষের উপর নির্ভর করে চলতে হয়। বাংলাদেশ সহ পাক-ভারত উপমহাদেশে নারীকে পুরুষের অধীন বলে বিবেচনা করা হয়। অনেক সময় ধর্মীয় কুসংস্কারের বেড়াজালে আবদ্ধ থাকতে হয়। কিন্তু বাস্তবে সবাইকে জীবনগ্রহণ এমনকি জীবনের সূচনা এবং জীবনধারণ নারীর উপরেই করতে হয়। নারী তার গতানুগতিক নিয়মে শৈশব থেকে কৈশোর, কৈশোর থেকে যৌবন এবং প্রৌঢ় ও বৃদ্ধাবস্থায় পরিণত হয় চিরন্তন নিয়মে। জীবন থাকলে বার্ধক্য আসবেই এটা শাশ্বত সত্য। এই সত্যকে মানতে হবে, বুঝতে হবে। যখন একজন মহিলা বা নারী সমস্ত জীবন অতিক্রম করে বৃদ্ধাবস্থায় উপনীত হন, পিতৃপ্রধান হোক বা মাতৃপ্রধান হোক সমাজে বা পরিবারে বৃদ্ধার স্থান ও ভূমিকা সম্মানের সাথে দেওয়া প্রয়োজন। আমাদের লক্ষ্য রাখা প্রয়োজন প্রত্যেক বৃদ্ধা মহিলা পরিবার থেকে প্রকৃত মর্যাদা পাচ্ছেন কি-না। প্রত্যেক মানুষের জীবনে এক নিজস্ব বৃত্ত আছে। সেই বৃত্তের মধ্যে থেকে আমরা যথাসাধ্য উদার মনোবৃত্তিতে বৃদ্ধাদের হৃদয়কে অনুভব করি, কারণ ঐদিন আমারও আসবে। আধুনিক যান্ত্রিক সময়ে মানবিক সম্পর্ক ক্রমেই একটা বোধহীন যান্ত্রিকের মত। এমতাবস্থায়, সমাজে বা অনেক পরিবারে বৃদ্ধাটি অভিশাপ হয়ে দাঁড়িয়েছে। সমাজ বা পরিবারে বৃদ্ধাদের অভিশাপ না ভেবে আশির্বাদ ভাবা উচিৎ। কারণ, আজকের যুবক-যুবতী, তরুণ-তরুণী একদিন বউ হবে, শ্বাশুড়ি হবে, বৃদ্ধা হবে, যুবকও জামাই হবে, শ্বশুর হবে। তাই, আমরা, আমাদের সমাজ এবং পরিবার যেন বৃদ্ধ-বৃদ্ধাদের প্রতি সর্বদা শ্রদ্ধাশীল হই।

**অনন্ত সিংহ নিশি :** কানাডা প্রবাসী; সমাজভাবনামূলক কবিতা-প্রবন্ধ লিখে থাকেন।



CamScanner

এনায়েত হাসান মানিক

## আমার নাম খোয়াই

আমার নাম খোয়াই
আমি বয়ে চলেছি নিরবধি
আমি আন্তঃসীমান্ত এক শীর্ণকায় নদী
আমার জন্ম ভারতের ত্রিপুরা রাজ্যে আঠারমুড়া পাহাড়ের পাদদেশে।
বাল্লা সীমান্ত দিয়ে বাংলাদেশে অনুপ্রবেশ
নানা শাখা-প্রশাখায় গড়িয়ে গড়িয়ে
আমি মেঘনার সাথে এসে মিশেছি।
আমি খোয়াই–
উপর থেকে নেমে আসা বহতা জলের ধারা।
মানুষের সুখ-দুঃখ, হাসি-কান্না
দুই কূলে আগলে রেখে অহর্নিশ বয়ে নিয়ে চলেছি সাগর সঙ্গমে।
আমার উপকারিতা বেমালুম ভুলে গিয়ে কেবল জিকির তোলে
আমি না-কি হবিগঞ্জের দুঃখ।
অথচ আমার বুকে দূষিত বর্জ্য ঢেলে দিয়ে আমাকে করা হয় কলুষিত।
আমার পাড় ভেঙে মাটি আর বালি উত্তোলন করে আমাকে ঠেলে দেওয়া হয়
হুমকির মুখে
আমি কি পশুপাখি কিংবা মানুষের কোনো উপকারে আসি না?
আমি কি মানুষের জীবন ও জীবিকার কাজে ব্যবহৃত হই না?
আমি কি বুক দিয়ে মৎস্য সম্পদ আগলে রাখি না?

আমি মানুষ নিয়ে যাই ঘাট থেকে ঘাটে
আমি পণ্য নিয়ে যাই গঞ্জ থেকে বন্দরে
আমার তীরে গড়ে ওঠে ফসলের জমি
আমার তীরে গড়ে ওঠে হাটবাজার
আমার তীরে গড়ে ওঠে গ্রাম-নগর
আমার তীরে গড়ে ওঠে মসজিদ-মন্দির
আমার তীরে গড়ে ওঠে গির্জা-আশ্রম


CamScanner

আমার তীরে গড়ে ওঠে কত পীর-ওলির মাজার
আমার তীরে গড়ে ওঠে কত সাধক পুরুষের আস্তানা।
অথচ আমাকে শাসন করে ক্রমশ সংকুচিত করা হয়
আমার নাব্যতা হরণ করা হয়
শীর্ণকায়া দেখে অবজ্ঞা করা হয় ফলে
উজান থেকে নেমে আসা ঢলের পানি
আমি কখনো আমার বুকে ধারণ করতে পারি না
তখন নিস্ফল ক্রন্দন আমার
চারদিকে ছড়িয়ে পড়ে।

## পুলিন রায়
## সময়সঙ্গীত

বৈশ্বিক প্রতিকূলতায় বেঁচে থাকা দায়
মন ছুঁয়ে যায় ভয়ের লেলিহান শিখা
রাতের নিগূঢ় স্তব্ধতায় জমা ক্রন্দন
আলেয়ার মতো ঘুরে বেড়ায়
বাতাসে দীর্ঘশ্বাস উন্নত বিশ্বের,

শ্রাবণের আকুল বৃষ্টি নেই
রবীন্দ্র সঙ্গীতের মতো শ্রাবণ বৃষ্টি নেই,
আকুল প্রাণের মোহনীয়তা উধাও?
মন্দাক্রান্তা আমেজে ভাটা!
হে রুদ্র প্রকৃতি-
হে জলবায়ুদেবী-
প্রসন্ন প্রসূনে মেলে দাও ডানা
আমরা যেতে চাই সুকুমার
সমুদ্রের মায়াবী সৈকতে, তীর্থযাত্রায়...

১৬ জুলাই, ২০২২



CamScanner

## সুমন বনিক
### আগুন

মা উন্দালে মাটিরসড়া চাপিয়ে
খই-মুড়ি ভাজেন,
ধানের খোসা ফুঁড়ে বকুলফুলের মতো
খই-মুড়ি ফুটে ওঠে,
এক কড়াই ভাজাফুলের গন্ধে
উন্মাদনা আমার চোখেমুখে!

উনুনে সেই-আগুনের আঁচ
আজো লেপ্টে আছে দেহ জুড়ে,
আগুনের আঁচে মায়ের শরীরের ঘ্রাণ শুঁকি;
আগুন ছিলো জলের মতো
গায়ে প্রশান্তি মেখে দেয়।

সময়ের চৌকাঠ পেরিয়ে দেখি
চারিদিকে আগুনের লেলিহান শিখা,
হৃদয়ে দহন
ধরিত্রীর দেহ-জুড়ে দগদগে ঘা।

মা, আমাকে সেই আগুনের পরশমণি দিয়ে যাও

## আবিদ ফায়সাল
### পিঁপড়ের গল্প ২

পিঁপড়েরা কেন কর্মিষ্ঠ, ওজনে বিশগুণ বহনে সক্ষম
দুটি পেট নিয়ে কেন সংঘবদ্ধভাবে চলে
কেন মৃত্যুঅবধি লড়াইয়ে এতটা সাহসী
তথ্য রেখে কেন মারা যায় তারা
ইকাসের প্রার্থনায় কেন একদল পিঁপড়ে মানুষে পরিণত হলে
ইজিনা দ্বীপে আবারও মনুষ্যকুলের ইতিহাস সৃষ্টি হয়

তোমরা জানতে যদি–অতিতুচ্ছ ভাবতে না পিঁপড়েমানব

সিলেট, ৬ আগস্ট ২০২১

সজল সিনহা

# ধিক!!!

তোরা কোথাকার কোন সমাজপতি!!
তোদের কাঠামোর আছে কি কোন ভিত্তি??
তোদের দিয়ে সমাজের হয়েছে কি কিছু,
তোদের জন্যই আজ সমাজের এত অধঃপতি।

তোরা না পারিছ নিজের দে'য়া প্রতিশ্রুতির মূল্য রাখতে?
না জানিস তোরা, কাউকে সম্মান দিতে?
ধর্ম তো তোদের বড় হাতিয়ার,
ধর্মের দোহাই দিয়ে; ধর্মকে করিছ ব্যবহার।
তোরা কারা??

অর্থই তোদের মা-বাপ,
অর্থের বিনিময় করিছ সব মাফ!!
তোদের আছে কি কোন নীতি নৈতিকতা??

তোরা তো সুবিধাবাদী চাটুকার।

এ হেন এমন কর্ম নাই,
তোরা না পারিছ করতে;
বিধাতার রাজ্যে তোরা,
পারিছ না শুধু;
লিঙ্গ পরিবর্তন আনতে।



CamScanner

**অনিতা সোরাইজম**

## ভয়

করোনা চলাকালীন লকডাউন না মানা মানুষদের উদ্দেশ্যে

কিছুদিন আগেও প্রকৃতি নির্মল ছিলো,
ছিলো না কোনো মহামারি ।
আজ থমকে গেছে মানবজীবন,
জানলার কাচ ধরে শুধু দীর্ঘশ্বাস ছাড়ি।

কিছু মানুষ থাকছে ঘরবন্দি
কিছু মানুষ তাতেও হয়নি রাজি।
আর কিছু মানুষ বাঁচাতে অন্যের প্রাণ
রাখছে জীবন অনায়াসেই বাজি।

মৃত্যুর মিছিলে যেতে হবে একা,
এই জীবন, হেসে বেড়ানো, রয়ে যাবে অক্ষয়।
মৃত্যু যখন তোমার দ্বারপ্রান্তে এসে দাঁড়াবে,
প্রিয়জনরাও তখন তোমায় ছুঁতে করবে ভয়।



CamScanner

শেরাম নিরঞ্জন

# ফিসফিস

ফিসফিসিয়ে কথা বলা লোকেরা আমার পছন্দের তালিকার তলানিতে। সোজা বাংলায় বলতে গেলে, তাদের একদম পছন্দ করি না। অথচ এই নিরালায় কে যেনো কানে কানে আমায় ফিসফিসিয়ে কিছু একটা বলছে।

রাতে হালকা কিছু খেয়ে বারান্দায় এসে বসেছি। আলো জ্বালাইনি। হালকা অন্ধকার চাদর আমার চারিদিকে। অন্ধকারে একা একা বসতে ভালো লাগে। আজ কেন যেনো কিছুই ভালো লাগছে না। পুব আকাশে কিছু তারা ঝিকমিক করছে। পাশের বিল্ডিংয়ের কারণে আকাশটাও ঠিকমতো দেখা যাচ্ছে না। এই পাঁচতলা বিল্ডিংটা চোখের সামনে দাঁড়িয়ে গেলো। টাকা থাকলে মানুষ কত দ্রুত কত কিছু করতে পারে এই পাঁচতলা বিল্ডিং তার নমুনা। এই বিল্ডিং আমার আকাশটাকে চুরি করে নিল। এখন আমি পুবের আকাশ দেখি সিকি ভাগ। এই সিকি ভাগেই কিছু তারা মিটমিট হাসছে। আচ্ছা, তারারা কি কথা বলতে পারে? হয়তো পারে। নয়লে মিটিমিটি হাসবে কেন? নিশ্চয়ই তারাদের মধ্যে খুনসুটি হয়।

তারাদের নিয়ে ভাবতে ভাবতে কানে এলো এই ফিসফিসানি। প্রথমটায় পাত্তা দেইনি তেমন। আমি শুনেছি কিংবা শুনিনি। কিন্তু আমার মাথার মধ্যে প্রতিধ্বনি করতে থাকে অনেকক্ষণ। হালকা বাতাস বয়ে যাচ্ছে, ভেবেছি বাতাসের শব্দ হয়তো বা। না, বাতাসের শব্দ নয় এটা। মনে হলো কে যেনো চলে গেছে পেছন থেকে। মনে হলো সন্তানদের দুষ্টুমি।

ভেতরে গেলাম, দেখি দুজন সন্তানই বিছানায় শুয়ে শুয়ে মোবাইলে কী যেনো দেখছে আর হাসাহাসি করছে। স্ত্রী মগ্ন টিভির স্ক্রীনে, ভারতীয় চ্যানেলে সিরিয়াল দেখছে।

তাহলে?... হয়তো মনের ভুল।

আবার বের হয়ে আসি বারান্দায়। বসে থাকি চুপচাপ। তারা দেখে আর আনন্দ পাচ্ছি না।

তারাগুলোও আজ কেমন মনমরা মনমরা। অপেক্ষা করছি ফিসফিসের।



CamScanner

সহসা একটা ঘোলাটে আলো ছড়িয়ে পড়লো আমার চোখে। আবার ফিসফিস কানের কাছে। এবার শুনেছি কিংবা শুনিনি অবস্থা নয়, রীতিমত পরিচ্ছন্ন উচ্চারণে কিছু একটা বলার চেষ্টা করছে। এ কোন ভাষা? আমি শুনতে থাকি একমনে, নিবিষ্ট চিত্তে।

ফিসফিস কথা বলে যাচ্ছে, বলেই যাচ্ছে। আমি শুনে যাই, শুনতে থাকি। শুনতে থাকা ছাড়া আমার কিছুই করার নেই। আমার সমস্ত শরীর অবশ হয়ে যাচ্ছে ক্রমশ, বসে আছি মূর্ত্তির মতো, ভাবলেশহীন। অন্ধকার চাদর আমাকে ঘিরে রেখেছে আপাদমস্তক আর আমার কানে কানে ফিসফিস করে বলে যাচ্ছে কতো কথা, বলেই যাচ্ছে। আমি শুনছি, আমার সমস্ত পৃথিবী জুড়ে ফিসফিস... ফিসফিস শীৎকার। ফিসফিস তরঙ্গে ভাসছি আমি... ফিসফিস হাওয়ায় দুলছি আমি... ফিসফিস আকাশে উড়ছি আমি। আমি... আমি... আমি কে? ফিসফিস... ফিসফিস... ফিসফিস... সাপের ফনার মতো ফিসফিস শব্দগুলো যেন চারদিক থেকে ধেয়ে আসছে আমার দিকে। আমার চারদিকে ফনা তোলা সাপের সমাবেশ।

এজন্যেই ফিসফিস কথা বলা লোকেদের ভয়ানক সাপের মতো মনে হয়, আমি তাদের একদম পছন্দ করি না। সোজা বাংলায় বলতে গেলে, ফিসফিসিয়ে কথা বলা লোকেরা আমার পছন্দের তালিকার তলানিতে।



CamScanner

রাণা প্রতাপ সিংহ

# ফেসবুকের স্বপ্নীল পরোয়ানা

(মেমসাহেব-এ নিমাই ভট্টাচার্যের মতোই মনে পড়ে টেনিসনের সেই অমর দুটো লাইন–
Time marches on but
memories stays.
Torturing silently the rest
of our days. )

বেশ কিছুদিন হল সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুক সম্পর্কে মার্ক জুকারবার্গ বিবৃতি দিয়েছেন–অ্যাপসটি তৈরি নাকি ছিল তার জীবনের এক বিরাট ভুল। তিনি বলেছেন, 'আমরা মানুষের সম্পর্কে কী জানতে চাই, সেটি প্রশ্ন না; প্রশ্ন হল মানুষ তাদের সম্পর্কে কতটুকু জানাতে চায়?' ফেসবুক আশীর্বাদ অথবা অভিশাপ এ নিয়ে মোটা কোনো তাত্ত্বিক প্রবন্ধ লিখে ফেলাই যায়। আপাতত আমরা সেই খসখসে এবড়োথেবড়ো পথ মাড়াচ্ছি না। বিষয়টি গবেষক-বিশ্লেষকদের জন্য তোলা রইল। আমরা কাঁচা আদার বেপারি, সাত-সমুদ্দুর পারের জাহাজ সম্পর্কে অতশত জানতে চেয়ে কী হবে? তারচে' বরং চলুন একটি ডিজিটাল সিম্বোলিক স্টোরির অম্ল-মধুর রসাস্বাদনে মনোনিবেশ করি।

জনৈক চিন্তাশীল যথার্থই বলেছেন– 'ফেসবুকের রিলেশনশিপ স্ট্যাটাস কখনো চেপে রাখা যায় না। ঠিক ফুটে বেরোবেই।' সম্ভবত ঔপন্যাসিক শংকরের বহুল আলোচিত উক্তি 'ধোঁয়া, টাকা আর প্রেম কিছুতেই চেপে রাখা যায় না। ঠিক ফুটে বেরোবেই'– থেকে তিনি অনুপ্রাণিত হয়েছেন। সাহিত্যচর্চায় নিজেকে প্রতিনিয়ত পরিশীলন ও সৃষ্টিশীল কাজের এক অন্যতম মাধ্যম হিসেবে অর্কও ফেসবুকে অনুপ্রাণিত, অভ্যস্ত। লিকুইড ক্রিস্টাল ডিসপ্লে মনিটরে এফবি উইন্ডোটি তার প্রায়শই সচল থাকে। সচরাচর লগ আউট করে না বললেই চলে। পাসওয়ার্ড ব্যবহারেরও তেমন দরকার হয় না তাই। তার এই অখ্যাত পুরুষবাচক আইডির ইনবক্সে মাঝরাতে কেউ কোনো দরকারি বা অদরকারি ম্যাসেজ পাঠায় না। কল করার প্রশ্ন তো 'দিল্লি দূর অস্ত'। কিন্তু সেদিন মোরগ

ডাকা ভোরে, মুয়াজ্জিনের রুটিনমাফিক জলদগম্ভীর ধ্বনি জেগে ওঠার একটু আগে "ক্রেং" করে একটা ম্যাসেজ ঢোকার আওয়াজ- অর্কের অন্যতম দুর্বলতা ঘুম, আয়েশী ঘুমের আলফা স্তরে যেন মৃদু তরঙ্গের ঢেউ তুলে কৌতূহলের সংকীর্ণ গিরিখাতে ভেঙ্গে পড়ে। কে পাঠালো ম্যাসেজ? এই অবেলায়।

সবুজের ছিটে-ফোঁটাহীন বার্চ বৃক্ষের হরিদ্রাভ বনচ্ছবির র‍্যান্ডম আসা ওয়ালপেপার সরিয়ে ডিমাইজ মোবাইল স্ক্রিনে নামটি দেখে তার মঙ্গোলিয়ান দুটি চক্ষুই এক্কেবারে কাঁঠালবড়া। মানে ছানাবড়ার একশোগুণ বড়। এর যথেষ্ট কারণও আছে। ম্যাসেজটা পাঠিয়েছে আর কেউ নয় স্বয়ং তার থ্রিলার থারটিন! চব্বিশ বছর পর, অবশেষে!

বছরখানেক ধরে অর্ক ফেইসবুকে একটু বেশিই হামাগুড়ি দিচ্ছিল। যেহেতু কিছু খন্ডকালীন ফরমায়েশি অনুবাদের কাজ আর টুকটাক আউটসোর্সিং আর শখের দাবা খেলা আর কালেভদ্রের সামাজিকতা রক্ষা আর অধুনা প্রসবিতা মা ও সদ্যোজাত সিমোনকে দেখাশোনা করা ছাড়া বাকি সময়টা একরকম অখন্ড অবসরে কাটছিল। ফেসবুকিং করতে করতে গত বছরের জন্মদিনে, তের ডিসেম্বর ইলশেগুঁড়ি ছাঁটে বৃষ্টি পড়া সন্ধ্যায় হঠাৎ করে তার চরম খেয়ালি মনের ইচ্ছে হল, "দেখিতো- আমার থ্রিলার থারটিন কী করছে, আটলান্টিক থেকে প্যাসিফিক হয়ে আর্কটিক সমুদ্র কিনারার কানাডায়"! কাজটি অর্ক যে এই প্রথম করল, তা নয়। সে তার স্বপ্নকন্যার ফেইসবুক আইডি'র সন্ধান পাবার পর থেকেই অবরেসবরে ঢুঁ মেরে আসতো দূরদ্বীপবাসিনীর আত্মকেন্দ্রিক টাইমলাইনে। অথচ কোনো এক দুরধিগম্য কারণে তাকে কোনোদিন ফ্রেন্ড রিকোয়েস্ট পাঠায়নি, দেয়নি তার অস্তিত্বের জীয়ন্ত জানান। এতে অবশ্য যাপিত জীবনে কিছুমাত্র টানাপোড়েন বা ছন্দপতন ঘটেনি। সংসারের চাকা তার আপন লয়ে গতিবিদ্যার সূত্র মোতাবেক গড়িয়ে চলছিল।

কিন্তু ডিসেম্বরের দ্বিতীয় সপ্তাহের শুক্রবার সন্ধ্যায় হঠাৎ করে অর্ক একটা অবিশ্বাস্য কাজ করে ফেলল। আসলে ঠিক সে না, তার একটি আঙুল–ডান হাতের তর্জনী। কী মনে করে যেন, অথবা নিতান্ত অনবধানে–হয়ত ভুল করেই; প্রেয়সীর প্রোফাইলের 'এড ফ্রেন্ড' বাটনটির আশেপাশে আলতো আবেশে মাউস নাড়তে গিয়ে কি এক অন্যমনস্কতায় চাঁদের কপালে চাঁদ-এর মতো করে টিপ দিয়ে দেয়। ক্লিক করার পর যদিও কৃত রিকোয়েস্ট ইন্সট্যান্ট ক্যান্সেল করার উপায় রয়েছে, সেটা জেনে বুঝেও তার অবাধ্য আঙুল কিংবা তার সম্মোহিত মন সেই অভাবনীয় রিকোয়েস্টটি ক্যান্সেল করতে কোনোভাবেই নিজেকে রাজি করাতে পারেনি।

অতঃপর শুরু হল অপেক্ষা; অনিন্দ্য অনুভূতিময় অপেক্ষা। একদিন যায়, দু'দিন যায়, তিনদিনও চলে যায়–পরান বন্ধুর দেখা আর মেলে না। অর্কের রিকোয়েস্ট জমি-রেজিস্টার দপ্তরের ধুলো জমা ফাইলের মতো পেন্ডিং পড়ে থাকে। অবশ্য সে তা শ্যেন দৃষ্টিতে খেয়াল ঠিকই জারি রেখেছে। হার-হাইনেস সপ্তাহে একদিন, বড়জোর দু'দিন ফেইসবুকে চকিতে দেখা দিয়েই খসে পড়া তারার মতো মিলিয়ে যায়। বাচ্চাদের কয়েকটা ছবি বা ভিডিও শেয়ার করে, আগের পোষ্টগুলির কমেন্টের কয়েকটার অতি সংক্ষিপ্ত উত্তর দিয়েই টুপুশ করে উধাও। এরও যথাযথ কারণ রয়েছে বৈকি। হৃদহারিণী সেই ষোড়শী এখন নায়াগ্রা ফলসের অন্টারিওতে ব্যবস্থাপনা বিষয়ের একজন ব্যস্ত

প্রফেসর। যখন তখন ব্রাউজিং করার উদ্বৃত্ত সময় তার কোথায়!

চার সংখ্যাটি অর্কের জীবনে একটি ম্যাজিক সংখ্যা। তার জন্মদিন ডিসেম্বরের ১৩ তারিখ। নিউমারোলজির সূত্র অনুযায়ী এক আর তিন যোগ করলে চার হয় বলেই কিনা কে জানে চার সংখ্যাটা তার জীবনে তাসের টেক্কাদের মতো বারেবারে ঘুরে ফিরে আসে-আসতেই থাকে। এক ছাড়া তিন আর তিন ছাড়া এক হলেও হতে পারে, সে ভেবে দেখেনি। তবে ডাবল জিরো ছাড়া ৪ অর্ক কখনো ভাবেনি। শুভ, অশুভ অনেক কিছুই ঘটেছে এই 'চার' সংখ্যাটিকে ঘিরে। কাকতালীয়ভাবে সেরকমই আরেকটা ঘটনা ঘটতে যাচ্ছে জানুয়ারি মাসের চার তারিখ। এটা ঘুণাক্ষরেও কল্পনাতে আসেনি। ঘটনাটা ঘটলো রিকোয়েস্ট পাঠানোর টায় টায় বাইশ দিনের মাথায়! দুই যোগ দুই চারে অর্ক যেন বিশ্ব জয়ের পরোয়ানা পেল। শী হ্যাজ একসেপ্টেড অর্ক'জ ফ্রেন্ড রিকোয়েস্ট উইথ হার আইভরি ফিঙ্গার আনবিলিভ্যাবলি!

আগের মতো আস্তিক হলে সে ততোক্ষণে কমপক্ষে একশো আটবার বীজমন্ত্র জপ করে ফেলত। তেমনটা না হওয়ায় সে অন্য কাজ করে। অর্ক তার শালপ্রাংশু অতীতের শাখায় চড়ে দুরন্ত কৈশোরে এবাউট টার্ন মেরে ভেলভেট স্মৃতির কুশরকোলে আপন অভিজ্ঞতার আকরে লাভস্টোরি লিখতে বসে পড়ে। লীলাবতীর কিছু পোষ্টে লাইক, লাফ, লাভ এবং ওয়াও সাইন দিয়ে তার কয়েকটা পোষ্ট শেয়ারও করে। তবে এর বেশি এগোয় না। আবার হ্যাংলামি মনে করে যদি, এই ভেবে। মাত্রাজ্ঞান এক্ষেত্রে টনটনে!

ক্লাস নাইনে পড়ার সময়, প্রথম যেদিন প্রিয়দর্শীনিকে দেখেছিল- সেইদিন, বা বলা যায় সেই মুহূর্তেই অর্ক উদ্ভিন্নযৌবনা মেয়েটির প্রেমে পড়ে গিয়েছিল। আক্ষরিকার্থেই যাকে বলে, লাভ এট ফার্ষ্ট সাইট। তাও আবার যেন-তেন প্রেম না। একেবারে দিওয়ানা-মাস্তানা পিরিতি। কোনোরকম দ্বিধা বা আগাপাশতলা না ভেবেই ঝপাৎ করে পড়ে গিয়ে কিশোরীর প্রেমের অথৈ জলে হাবুডুবু খাওয়া অবস্থা। হিংসুটেরা টিপ্পনি কেটেছে-সিঙ্কিং সিঙ্কিং ড্রিংকিং ওয়াটার। টানা সাড়ে সাত বছর ধরে ইনিয়ে বিনিয়ে, নানান ভাবভঙ্গী আর ইঙ্গিতপূর্ণ আচার আচরণের মাধ্যমে প্রিয়ংবদাকে তার অন্তর্স্থিত অপাপবিদ্ধ অনুরাগের ব্যাপারটা বোঝাতে চাইলেও কিসের যেন একটা অদৃশ্য বাধার কারণে অথবা কোনো এক অজানা আশঙ্কায় সরাসরি কিছু বলার সাহস সঞ্চয় করে উঠতে পারেনি কোনোদিন। অনেক চিন্তা-ভাবনা এবং সাহস করে অগত্যা ভাবে- 'আগে বরং তাকে বন্ধু হওয়ার প্রস্তাব দিয়ে দেখা যাক, কী বলে। মিউচুয়াল মিতালি হোক। সেই মিতালিকে কীভাবে কোনদিকে দাঁড় টেনে মোহনা পানে এগিয়ে নেওয়া যায়, সেটা পরে দেখা যাবে।' ফার্স্ট থিংক ফার্স্ট বলে কথা। গ্রহ-নক্ষত্রের কিছু জটিল হিসাব কষে, পঞ্জিকা ঘেঁটে অমৃতযোগ মাহেন্দ্রযোগ নির্ণয়ের পর, বেলপাতা-তুলসীজল-রক্তজবা-দূর্বা সমেত, দোয়েল পাখির দুই টাকার নোট প্রণামী দিয়ে, মায়ের মুখে শুনতে শুনতে মুখস্থ হয়ে যাওয়া বিপদনাশিনী মন্ত্র পড়ে, বুকে ফুঁ দিয়ে সুযোগমতো মায়াবতীকে আনুষ্ঠানিকভাবে অকম্পিত স্বরে জিজ্ঞেস করে, 'আমার বন্ধু হবে?'

শুনে কিশোরী শীতল-কণ্ঠে বলেছিল, 'আমার তো অনেক বন্ধু! তাদের যন্ত্রণায় অস্থির। আমার আর নতুন কোনো বন্ধুর দরকার নাই।'

কিশোরীর সাথে ছিল তার লতায়-পাতায় আত্মীয়তার সম্পর্ক, দুর-সম্পর্কের



CamScanner

পিসতুতো বোন। তাকে ইম্প্রেস করার জন্যে অনেক কায়দা কোশিশ করেও আশানুরূপ সাড়া না পেয়ে বুদ্ধি খাটিয়ে তার মা'র সাথে সম্পর্কোন্নয়নে মনোযোগী হয়। বিভিন্ন সাহিত্য সাময়িকী এবং রহস্য পত্রিকায় ছাপানো তার টুকটাক লেখালেখির কিছু নমুনা দেখানোর পর মাথায় হাত বুলিয়ে পিসি বলেন, 'বড় হয়ে তুমি নিশ্চয়ই বিখ্যাত কবি হবে।'

তাৎক্ষণিকভাবে গর্বে বক্ষদেশ স্ফীতকায় হলেও পরে বুঝতে পারে, ব্যাপারটা বুমেরাং হয়ে গেল। খুব স্বাভাবিকভাবেই, কোনো দায়িত্বজ্ঞানসম্পন্ন অভিভাবক কোনোদিন চাইবেন না, একজন হবু কবির সাথে তার কন্যার পাণিগ্রহণের ব্যাপারে সিরিয়াসলি ভাবতে। কাজেই যা হওয়ার তাই হল। অর্কের পিসি 'হবু কবি' হিসেবে তার ব্যাপারে একধরনের বাৎসল্যমাখা করুণা দেখাতে শুরু করলেন। শেষ উপায় হিসেবে তার সেই লেখাগুলির মধ্যে বেছে বেছে কয়েকটা সরাসরি সেই আয়তলোচনাকে পড়তে দেয়ার পর, সুচিস্মিতা মায়াময় স্বরে বলে, 'আপনি তো অন্য ভুবনের লোক!'

সেটাই ছিল দুই টিনেজারের শেষ কথোপকথন। তারপর ষড়ঋতুর শান্ত-অশান্ত বাতাস যথাবিহিত নিয়মে তট হতে ইতস্তত ভাসমান তরিকে নিরুদ্দেশের পথে বয়ে নিয়ে যায়। ক্রমবর্ধমান দূরত্বের এক পর্যায়ে হবু মেম ম্যানেজমেন্টে এমবিএ সম্পন্ন করে। নিয়তির কাছে হার মেনে হাবাগোবা, থ্রি ইডিয়টসের প্রাইস-ট্যাগ টাইপের ক্যাবলাকান্ত, আনস্মার্ট, গবেট প্রকৃতির চোয়ালে গজানো দাড়িওয়ালা চল্লিশোর্ধ ডাক্তারের ঝুলে পড়া গলায় এক বিষাদাক্রান্ত সন্ধ্যায় মাল্যদানের পর খুব সুন্দর আর্টিফিশিয়াল হাসি হাসতে হাসতে সুদূর কানাডা চলে গেল। 'অন্য ভুবনের লোক' হয়েও অর্ক রয়ে গেল চেনা-পরিচিত লোকেদের ভিড়ে; চেনা-পরিবেশের মধ্যেও একজন এলিয়েন বা পথভোলা এক অচেনা উদাসী আগন্তুকের মতো। পক্ষীনি চলে গেল অচেনা দূর পরবাসে। পাঁজরে অর্কের গজাল বিঁধে। যে ভাবনায় কাব্য জন্মাতো, সে মগজে তখন ব্যর্থ বরাতের বিষ।

প্রথম ভালোবাসার সাথে শেষ বাক্যালাপের প্রায় চব্বিশ বছর পর, মারমেইডের ম্যাসেজ যেন অনাবিল সুখের পরশে শিহরণ তোলে অর্কের তনু-মন-প্রাণে। কোনো গৃহিণী যেন তার সমস্ত ভাল ভালো কাপড় মেলে দিয়েছে চৈত্রের ঝলকানো উঠানে। বাঁশঝাড়ে আচমকা পানকৌড়ি আর সারসদের কান ঝালাপালা করা হুটোপুটি অন্তরে অনুভূত হয়। অত্যন্ত প্রিয় কোনো বইয়ের হারিয়ে যাওয়া পাতা যেন বহুদিন পর পাওয়া গেল!

"কেমন আছেন?"

অর্ক চকিতে ছয়টি লিপ-ইয়ার পেছনে ফিরে গেল। রিওয়াইন্ড করে, আবার নতুন আঙ্গিকে সবকিছু ভেসে উঠল সূচীভেদ্য স্মৃতির অম্লান মানসপটে। মহাযোগনিদ্রা হতে কোনো বেদনাহত ঋষির যেন ধ্যান ভঙ্গ হল। বুকের গভীরে বইতে লাগল হু হু বাতাস, অস্তিত্ব জুড়ে ওঠে মর্মর ধ্বনি, বক্ষপ্রদেশের তেপান্তরে কেমন যেন ফাঁকা ফাঁকা লাগে। রক্তক্ষরণও হল কিনা, সেই পুরোনো গ্যাংরিন থেকেই—যেটা হয়তো সময়ের প্রলেপে শুকিয়ে উঠেছিল, অনেকটা সেরে গিয়েছিল। হয়তো কিছু দাগ নীরবে একান্তে দহনও করছিল। অথবা সেই ক্ষত সারেনি, অন্তঃসলিলার মতো লোহুর ধারা নিভৃতে ক্ষরিত



CamScanner

হচ্ছিলই। সে শুধু সেই দগদগে ঘা-কে ভুলে থাকার অনন্যোপায় চেষ্টা করে গেছে। কিংবা কে জানে সেই মোক্ষম যাতনায় অভ্যস্ত হয়ে গিয়েছিল কিনা; উপর্যুপরি শোষণ-বঞ্চনায় জনতা যেমন অভ্যস্ত, ম্রিয়মান!

একটু সময় নিয়ে ধাতস্থ হয়ে সে বার্তার উত্তরে লিখল . . .

- ভাল নাই। ছিলাম না। চব্বিশ বছর ধরেই আমি ভালো নেই।

- কেন?

- তুমি জানো না, কেন?

- আমি কীভাবে জানব? বলেননি তো কোনোদিন!

- কীভাবে বলব? তুমি তো চব্বিশ বছর আগেই বলে দিয়েছিলে, আমার বন্ধু হতে চাও না। তোমার আর কোনো বন্ধুর দরকার নাই।

- বন্ধু হব কেন? আমি তো বলেছিলাম, আমার অনেক বন্ধু। আমি আর কোনো বন্ধু চাইনি। বন্ধুর ভালোবাসার দরকার ছিল না।

- তাহলে কী দরকার ছিল?

- আমার সত্যিকারের ভালোবাসারই দরকার ছিল। এক অনবদ্য ভালোবাসা। যেটা শুধু একজনকেই দেওয়া যায়, একজনের কাছ থেকেই পাওয়া যায়। একজনের জন্যই অনুভূত হবে, একমেবাদ্বিতীয়ম্ ডিভোশন। সুখস্বপ্নের মতো স্বর্গীয় ভালোবাসা।

- আমিও তো অবিকল শুধু একজনকেই ভালোবেসেছিলাম।

- কাকে?

- কাকে আবার? সেটাও বলে দিতে হবে? তুমি বোঝোনি?

- একটু একটু বুঝতাম। কিন্তু ভয় পেতাম।

- কিসের ভয়?

- মা যদি বকে! আমিওতো ভালোবাসতাম। একজনকেই।

- কাকে?

- তাও বলে দিতে হবে? ন্যাকা আরকি! আপনি বোঝেননি?

- বুঝতাম, একটু একটু। কিন্তু ভয় পেতাম। সংশয়ে কাঁপত বুক দুরু দুরু।

- আপনার আবার কিসের ভয়?

- যদি রিফিউজ কর! প্রত্যাখ্যাত হবার ভয়।

- বলেই দেখতেন! কী হত? আমি কি আপনাকে খেয়ে ফেলতাম?

- তা না! কিন্তু যদি উপহাস করতে!

- এমনিতেই, 'বড় হয়ে বিরাট কবি হব' - এটা নিয়েই কত হাসাহাসি!

- আমি তো হাসাহাসি করিনি।

- কিন্তু ঐ যে বলেছিলে, 'আপনি অন্য ভুবনের লোক!'

- ঠিকই তো বলেছিলাম। আপনি অন্য রকমের মানুষ ছিলেন। দশজনের বাইরে একাদশ হিসেবে আপনার এক অনন্য প্রতিষ্ঠা ছিল। আদপেই অন্য ভুবনের লোক ছিলেন। আমি কক্ষচ্যুত হয়ে সেই অন্য ভুবনেই যেতে চেয়েছিলাম। আমার আর অন্য কোনো কিছু, অন্য কাউকেই ভালো লাগতো না।

- ভাবতে?



CS CamScanner

- হু! ভীষণ। আপনি যতটা ভাবতেন, তার চেয়েও অনেক গুণ বেশি। অল্প বয়সে যেমন হয়। উদ্দাম, লাগামহীন! হেমন্ত মুখোপাধ্যায়ের মতো মনে মনে কত ছবি এঁকেছি . . মুগ্ধ এ চোখে চেয়ে থেকেছি।

- কই, তোমার চোখে তো কোনোদিন আমার জন্য মুগ্ধতা দেখিনি!

- তা দেখবেন কেন! আপনি তো হলেন গিয়ে, 'কল এ স্পেড স্পেড' টাইপ। অনেকটাই ঋজু প্রকৃতির। আপনার মাঝে বক্রতা ছিল না বলেই মীন-চাঞ্চল্যের দেখা পাননি। জানেন না, আলোকরশ্মি জলের নিচে বাঁকাভাবে পৌঁছায়। আপনার চোখে দৃষ্টি ছিল ঠিকই কিন্তু আমার বেলায় তা ছিল অসহ্যকরভাবে লাজনম্র। না হলে বুঝতে পারতেন কতটা উন্মুখ, উদগ্রীব ছিলাম।

- বলনি কেন?

- ভয় পেতাম। আপনি ছিলেন ভাবুক টাইপের। নির্জলা খেয়ালি। যদি রিফিউজ করতেন! আপনি বুঝবেন না। ছেলেরা রিফিউজড হলে আস্তে আস্তে সহ্য করে নিতে পারে; অন্য কাউকে খুঁজে নিতে পারে। কিন্তু মেয়েরা একবার রিফিউজড হলে–ত্রিভুবন ছারখার। হয় জীবন্মৃত, নয় নাইলনের ওড়না পেঁচিয়ে সিলিং ফ্যানের সাথে ঝুলে পড়া বা হারপিক পানে ইহলীলা সাঙ্গ করা ছাড়া আর কোনো পথ সহসা খোলা থাকে না।

- হুম! তাও একটা বিষয় বটে! বাদ দাও। মেয়েদের মনোজগৎ হল মরীচিকামুখর। অর্বাচীন মনু প্রবর্তিত সমাজব্যবস্থার শিকার। কেমন আছো, বল।

- ভালো না। আপনার মতোই। চব্বিশ বছর ধরে। ইলিউশনে বৃত্তাবদ্ধ। নিজ অচলায়তনের মহাতামসে প্রায়শ্চিত্ত করছি।

- বল কি! কেন?

- সে বৃত্তান্ত আজ থাক। আপনার কত খবর শুনি এর-ওর কাছে। কত চমৎকার দেবশিশু পেলেন, কিংবদন্তীতুল্য নামও রাখা হল। বৌদিও তো অসাধারণ। রূপে-গুণে সাক্ষাৎ পার্বতী। একদম রাজযোটক, ডেভিড এন্ড জোনাথন!

- তোমার পিচ্চিদুইটাও তো দেখি খুব হাসিখুশি, নাদুসনুদুস। ছোটটি একদম তোমার চেহারা পেয়েছে। আমি তোমার ফেসবুকের সব ছবি, ভিডিও, পোস্ট দেখতাম। অনেক দিন ধরেই ফলো করছি। সী ফার্স্টে রেখেছি।

- বলেন কি! আমিও তো! আপনি যা হাসাতে পারেন! আমার মন খারাপ হলেই আপনার একাউন্টে ঢুকে পোস্টগুলি পড়তাম। তারপর ঝরনার জলের মতো খিলখিল বোল তুলে গড়িয়ে পড়তাম ইজিপ্সিয়ান কার্পেটে। আর হ্যাঁ, এন্টি-এস্টাব্লিশমেন্ট নিয়ে এতো কড়া ভাষায় লিখেন কেন? ভারতবর্ষ তো ফ্যানাটিকের অভয়ারণ্য! ভয় করে না? বিচার যেখানে নেই অপরাধ সেখানে স্বীকৃত। কবিতাগুলি কিন্তু দুর্দান্ত। আপনার টাইমলাইনের প্রায় প্রতিটি কবিতাই আমার পড়া হয়ে গেছে। বিভিন্ন পত্র-পত্রিকায় প্রকাশিত আপনার লেখাগুলি আমি লুকিয়ে সংগ্রহ করতাম।

- কেন, লুকিয়ে কেন? জানো না, লুকিয়ে কিছু করা পাপ!

- তবে তো সন্তান জন্মদান প্রক্রিয়ার প্রারম্ভেই পাপ। হা হা! পাছে আপনি জেনে যান, এই ভয়ে লুকাতাম।

- হুম, আসলে পাপ-পুণ্যের ধারণাটা আপেক্ষিক। তা আমার জানায় ভয় কিসের!



CamScanner

- আসলে আমি আপনার কাছে ওভাবে ধরা দিতে চাইনি।

- তা কিভাবে চেয়েছিলে?

- গাণ্ডীবধারী অর্জুনের কাছে কৃষ্ণ-ভগিনী সুভদ্রা যেমন ধরা পড়েছিল। চেয়েছিলাম আপনি আমাকে অধিকার করেন। আপন অনুরক্তির অন্বয়ে আপনার করে নেন। চেয়েছিলাম আপনার ধর্মবিরোধী পোস্টগুলির মতো দ্রোহে সদর্পে আমাকে অর্জন করেন।

- বল কি! তুমি না খুব ধর্মপরায়ণ! ব্রত-উপবাস কর . . . আমার পোস্ট পড়লে যেকোনো ধর্মানুরাগীর মাথায় শর্ট সার্কিট হয়ে যায়। ক্ষোভ প্রকাশ না করে থাকতে পারে না। অনেকে তো অভিধান বহির্ভূত ভাষায় যা তা বলে বসে।

- প্রসঙ্গ এড়ানোর বদভ্যাসটা আপনার আগের মতই রয়ে গেছে দেখছি।

ধর্মকর্ম তো করি আমার বলদটার জন্য। আদ্যোপান্ত ভিতুর ডিম। উঠতে বসতে হরিবোল। চিকিৎসা শাস্ত্রে ডিগ্রি লাভ করে মনু-অদিতি তত্ত্বে মশগুল। কুশিক্ষায় অপরিপক্ক মাকাল একটা। জানেন তো, স্বদেশীরা বিদেশ-বিভুঁইয়ে এসে হয় অতি আধুনিকা হয়ে যায়, নয়তো হিজাব-বোরকা-তিলক-সিঁদুরে জবরজং। মাঝামাঝি বিরল। তবে প্রতিবাদী লেখায় আপনার আরেকটু ডিপ্লোমেটিক হওয়া উচিত।

- ও মাই গ্যাশ! তুমিও তাহলে ভ্যাজাল সন্ন্যাসী।

- না। আমি ছুপা ভ্যাজাল নাস্তিক। আপনার পোস্ট পড়ে স্পিরিচুয়ালিষ্ট হওয়ার সাধনায় নেমে গেছি।

- হায় হায়! তুমি কি ধ্যান, মেডিটেশন শুরু করে দিয়েছো নাকি?

- হুম। শবাসন করে ঝিম মেরে শুয়ে থাকি। সবাইকে বলে দিয়েছি, শবাসন করতে থাকলে যেন ডিস্টার্ব না করে। তখন আমার পিচ্চিগুলিও নিজেদের মধ্যে ফিসফিস করে কথা বলে। একদিন তো ওরা ভয় পেয়ে গিয়েছিল। আমি নাকি নিঃশ্বাস নিচ্ছিলাম না। ওরা কাঁদোকাঁদো গলায় বলছিল, 'মাম্মি, আর ইউ ডেড?' আমি বোধহয় ডেল্টা লেভেলে চলে গিয়েছিলাম। ওদের ধাক্কাধাক্কিতে জেগে গিয়ে দু'দিন ধরে শুধু নিজে নিজেই হেসেছি। মেডিটেশন করতে গেলেই ওদের কথাটা মনে পড়ে যেত। আর হাসি পেত। আমার মেডিটেশন চাতালে উঠলো।

- হা হা হা! আচ্ছা, আমাদের ছোটবেলার কথা মনে আছে?

- ওমা, থাকবে না কেন? আপনি কি সব আজগুবি গিফট পাঠাতেন! হাফ ডজন টুথব্রাশ, ক্লিনজার, চিরুনী সেট, বাথরুমের স্যান্ডেল, ফার্স্ট এইড বক্স ! এসব কি গিফট করার জিনিস?

- কেন, অসুবিধা কি? ঘুম থেকে ওঠার পর দাঁত ব্রাশ করতে করতে বা ঘুমাতে যাওয়ার আগে, কদাচিৎ অসুস্থ হলে আমার কথা মনে পড়বে। বাথরুমে একা থাকলেও আমাকে আচমকা মনে পড়ে যেতে পারে। চুল আঁচড়ানোর সময় আনমনে আমার কথা মনে পড়েনি কি কখনো? কেন, আমার কথা কি ভুলেও মনে পড়তো না?

- পড়তো না আবার! দিনরাত শুধু আপনার কথা মনে পড়তো, আর ভাবতাম, এরকম একটা উদাস টাইপের খাপছাড়া ছেলের কথা কেন বারেবারে মনে পড়ছে! দুনিয়াতে ছেলে কি কম ছিল? কত ছেলে আমার পিছনে লাগত, কত কান্ডকারখানা

করতো! কই, তাদের কথা তো মনে পড়তো না! এখনো মনে পড়ে না ওদের অধিকাংশেরই মুখ। কেবল আপনি অন্য রকম।

- সেই ট্রেনে করে সিলেট থেকে চিটাগাং যাওয়ার কথা মনে আছে? রাত দেড়টা, রাত্রি নিশীথ। তোমার মা, আমার বাবা তন্দ্রায় ঢুলুঢুলু। জানালার দুইপাশে আমরা দুইজন, মুখোমুখি। ট্রেন চলেছে ঝিকঝিকিঝিক, বাইরে শুক্লা একাদশীর চাঁদটাও পাল্লা দিয়ে চলছিল আমাদের সাথে সাথে!

- হুম। কী সব বলছিলেন, আপনার বন্ধুদের কথা! তারা নাকি কত্ত প্রেম-ট্রেম করে। একজন নাকি প্রেমিকাকে দূর থেকে দেখলেই ঝপ করে নিলডাউন হয়ে দু'হাত প্রসারিত করে ফেলত বাদুড়ের মতো। আরেকজন নাকি দেবীকে প্রণাম জানাচ্ছে এমনভাবে চোখ বন্ধ করে করজোড়ে বিড়বিড় করত। কই, আমাকেতো সেরকম কিছুই করলেন না!

- করিনি মানে! আলবাৎ করেছি। সেই গল্পগুলি বলার সময় হাতজোড় করে তিন চারে বারোবার প্রণাম করেছি। তুমি খেয়াল কর নাই! চাঁদ দেখাতে গিয়ে দু'হাত উর্ধ্বে তুলে মহাপ্রভু সেজেছি। তুমি লক্ষ্য করোনি?

- ওমা! তাইতো! আর ওদের চোখে চোখ রেখে 'আইলিড কিসিং মিসিং' খেলার গল্প বলে, আমরা দুইজনও চোখাচোখি অপলকে তাকিয়ে থাকার টানা আড়াই মিনিট পার করে মনে হয় নতুন বিশ্বরেকর্ড করেছিলাম; পরে পরিচিতজনের মধ্যে সে রেকর্ড আর কাউকে ভাঙতে শুনিনি। আপনি কিন্তু আমার সাথে চিটিং করতেন অনেক!

- চিটিং! বল কি!

- চিটিং না তো কি! আমি তেমন একটা খেলতে পারতাম না, তাও ইচ্ছা করে আমার গুটি এগিয়ে দিয়ে ক্যারম খেলায় আমাকে জিতিয়ে দিতেন। মেটিং মুভ পেয়েও কী অবলীলায় বোড়ে ঠেলে খাওয়াতেন। ট্রাম্প কার্ডের অপব্যবহার করে নিশ্চিত জেতা বাজি হেরে যেতেন। আমি কি বুঝতাম না? তাছাড়া আপনি আমার কোনো কথাই শুনতেন না।

- শুনতাম না? সেই যে একবার বললে, 'আপনি বেশি কথা বলেন'–বলার সাথে সাথে আমি পরবর্তী অষ্টপ্রহর মৌনব্রত ধারণ করলাম, কোনো মানুষ তো দূর একটা কাকপক্ষীর সাথেও টুঁ শব্দ করলাম না। তারপরও কি বলবে, আমি তোমার কথা শুনতাম না!

- সেটা তো আরেক রকম পাগলামি। কত হাতে পায়ে ধরে কথা বলাতে হল। আপনি পারতেনও বটে!

- তোমার পছন্দ জেনেই তো এসএসসিতে মানবিক থেকে বিজ্ঞানে ঢুকে পড়েছিলাম।

- গণিতসহ চার বিষয়ে লেটার নিয়ে স্টার মার্ক। অল্পের জন্য স্ট্যান্ড মিস করেছিলেন। তা বিজ্ঞান থেকে বের হলেন কেন?

- ভালো লাগেনি। আমার ভিতর থেকে কী যেন হারিয়ে যাচ্ছিলো। ত্বরণ-মন্দন-দ্রুতি আর প্রতীক-যোজনীতে আমি হারিয়ে যেতে চাইনি। বাদ দাও!

- আচ্ছা, বাদ দিলাম। বাকি সব কিছু বাদই থাক। যা হওয়ার হয়ে গেছে।



CamScanner

- হু! আমারও মনে হয় যা হওয়ার হয়েছে। ভালোই হয়েছে।

- ভালো? এর মধ্যে ভালোর কি দেখলেন? মোটেই ভালো হয়নি। খুব খারাপ হয়েছে।

- না। আমার কেন যেন মনে হয়, খুবই ভালো হয়েছে। অন্য কিছু হলে সমস্যা হত।

- সমস্যা? কী সমস্যা?

- অনেক ধরণের সমস্যা হত। সময়ে অসময়ে ঝগড়া হত। নাওয়া-খাওয়া ভুলে কবিতা লিখতে বসে যাই বলে বকা খেতে হত। ম্যারেজ ডে, বার্থ ডে'র কথা ভুলে যাওয়ায় রাগ করে বাপের বাড়ি চলে যেতে। সাদা কালোর চৌষট্টি ঘরে বুঁদ হয়ে আছি বলে মাথার চুল ধরে টান মারতে পারতে। সিগারেট খাওয়া নিয়ে ঝামেলা পাকাতে। যখন তখন হেড মিস্ট্রেসের মতো ধমকাতে। বশংবদ করে রাখতে চাইতে। তার চেয়ে এই ভালো না?

- কী জানি বাপু! আমিও মাঝে মধ্যে ভাবি, আসলেই সেরকম হলে কি অন্যরকম কিছু হত? ভালো কিছু! আকাঙ্ক্ষার পূর্ণতা?

- না না। মোটেই ভালো কিছু হত না। কিছু প্রাপ্তি অধরা থাকাই শ্রেয়। চন্দ্রপৃষ্ঠ দূর থেকেই মনোরম।

আমার মাথা কী জানি কিছুটা আউলা। আমি নিশ্চিত, তুমি খুব বাঁচা বেঁচে গেছ।

- ভালো জাতের আঙুর ফল আদৌ টক নয়! এরকম কোনো কিছু আর কখনো বলবেন না। কক্ষনো না।

- আচ্ছা। ঠিক আছে, ছেড়ে দাও। আর বলবো না।

- বলবেন না মানে! অবশ্যই বলবেন। আর কিছু বলেন না বলেন, একটা কথা বলতেই হবে। সেটা জানার জন্যেই ম্যাসেজ পাঠিয়েছিলাম। কোনো ছাড় নাই।

- কী কথা? কী জানতে চাচ্ছো?

- এখনো মনে পড়ে?

- বলা যাবে না। তুমি ভালো থেকো। বর্ণিল বাগানের মতো ভালো থেকো, নায়াগ্রার কুজ্ঝটিকায় ভালো থেকো, আপন ছন্দে ভালো থেকো। সুখে থেকো। এর চেয়ে বেশি কিছু না জানাই ভালো। কিন্তু, তুমি? তোমার কি অনুভূত হয়? এখনো?

- সেটাও বলা যাবে না। ভালো থাকবেন। সুস্থ থাকবেন। সাবধানে থাকবেন অবশ্যই। এর চেয়ে বেশি কিছু না জানাই ভালো।

অর্ক ও তার মানসপ্রিয়া এর চেয়ে বেশি কিছু জানতে বা জানাতে চায় না। যেটুকু জানাতে চায় না, বাঙ্ময় হয় না-সেটুকুর জন্যে আক্ষেপ না রেখে চলুন আমরা যার যার মতো করে অস্ফুট কথাগুলি বুঝে নিই।

আর সত্যি বলতে কি, এরকম কোনো ম্যাসেজ চালাচালি অর্ক বাস্তবে কখনো করে নাই। স্বপ্ন দেখেছিল, একটা চিরকুট পেয়েছে। তাতে লেখা, 'আমি যে কেন জোর করে আপনাকে বলিয়ে নিলাম না! রিয়েলি মিস ইউ!'

ঘুম ভাঙার পর উদগ্রীব হয়ে ইনবক্স চেক করে। আতিপাঁতি খুঁজেও তেমন কোনো ম্যাসেজ চোখে পড়ে না। অন্য কোনো ভুবনে, অন্য কোনো উপায়ে, অন্য কোনো প্রজন্মে সেরকম কোনো যোগাযোগ হলে হতেও পারে . . .

মহাকাল বহমান
স্মৃতিরা জায়মান
সেগুলি নীরবে দহন করে
আমাদের অনাগত আগামীরে . . . .

পাদটীকা : কথোপকথনটুকু বাস্তবে না ঘটলেও এর মধ্য দিয়ে প্রকাশিত অতীত অনেকাংশে সত্য। অর্কের একটি গোপন আইডির ফ্রেন্ড লিস্টে স্বপ্নচারিণীকে যোগ করার ঘটনাও সত্য। তাই এ পর্যন্ত পড়ে ফেলা কেউ আবার একে নিছক গল্প বা বানোয়াট লেখা মনে করলে বা ফাঁকি দিলাম ভেবে বসলে অধমের কিছু বলার নাই।

শুধু আমার জীবনসাথী এটা পড়ার পর নীরবে দীর্ঘশ্বাস ফেলায় তাকে বলতে বাধ্য হয়েছিলাম–নাও, ইটস জাস্ট এ স্টোরি, ব্লা ব্লা ব্লা.... !



CamScanner

# হেলমেট

মূল গল্প : রহৈজউদ্দিন শেখ সামু
ভাষান্তর : হাজী মো. আব্দুস সামাদ

বাল্যকাল থেকেই ম'ঙ্গিজাও রাত্রিকালে ম'ং বা কবরস্থানকে এড়িয়ে চলতেন। কবরস্থানে সংঘটিত অমূলক ভীতির একটি গল্প কৈশোরে শোনার পর থেকেই তার এই ভীতির সঞ্চার। তাই সে কখনো রাত্রিকালীন সংঘটিত দাফন কাফনে অংশগ্রহণ করতেন না। তার আসল নাম তোমচৌ তবে তার কবরস্থান ভীতির কারণে তাকে সবাই রসিকতা করে ম'ংকি বা কবরস্থান ভীতু বলে ডাকতো যা বিবর্তিত হয়ে ম'ংকিজাও পরে সংক্ষিপ্তাকারে ম'ঙ্গিজাও হয়ে যায়। তার একমাত্র ছেলেটিও পিতার মত কবরস্থান ভীতু ছিল। যার ফলে পাড়া-প্রতিবেশিরা 'বাপের বেটা' বলে হাসাহাসি করতো। কবরস্থান ভীতু ছেলেটিকে তার মা আদর করে ম'ংকিবাগী মচা বা কবরস্থান ভীতুর সন্তান বলে ডাকতো, পরে তার নাম ম'ংকি-চা থেকে ম'ঙ্গিচা হয়ে যায়। ম'ঙ্গিচাও বাপের মত একজন ভাল খাদক। মাত্র পাঁচ বছর বয়সের ছেলে ম'ঙ্গিচাকে দেখতে হাতির শাবকের মত হৃষ্টপুষ্ট দেখা যেত। স্কুলের ফেন্সি ড্রেস খেলার সময় সে জাপানের সুমো কুস্তিগীর সেজেও বিস্তর পুরস্কার অর্জন করেছে। স্কুলের শিক্ষকরাও তাকে সুমো ম'ঙ্গিচা বলে সম্বোধন করতেন।

সুমো ম'ঙ্গিচা প্রত্যহ সকাল সাতটার সময় নাস্তা গ্রহণ করতে। তার মা সেই ভোর পাঁচটায় তার জন্য নাস্তা তৈরি করা আরম্ভ করতেন। ছেলেটি খাওয়ার সময় ঘাম ঝরাতে আর কাজের সময় রয়ে সয়ে থাকতে পছন্দ করতেন। সে সকালের নাস্তায় বড়সড় এগারোটি রুটি, সাথে পাঁচ বাটি ডাইল, এক প্লেট শাক ও আটটি সিদ্ধ ডিম খেত। স্কুলে গিয়ে নাস্তা করার জন্যও তিন বাটি টিফিন সাথে করে নিয়ে যেত। অতপর সকাল আট ঘটিকায় বাড়ির গেইট থেকে আট কিলোমিটার দূরবর্তী একটি স্কুলে, বাসে চড়ে যেত। সুমো ম'ঙ্গিচার আর একটি বৈশিষ্ট্য হলো সে স্কুল বাসে ওঠার পর থেকে স্কুল গেইটে পৌঁছে সহপাঠীরা না জাগিয়ে তোলা পর্যন্ত ঘুমিয়ে থাকতো। শুধু শুধু চুপচাপ



CamScanner

ঘুমিয়ে থাকতো তা নয়, সশব্দে উচ্চস্বরে নাক ডাকিয়ে ঘুমাতো। শুধু বাসের ভিতরেই নয়, বাড়িতেও প্রতি রাতে ঘুমানোর সময় একই আচরণ করতো। একদিন সুমো ম'ঙ্গিচা তার বাবার হেলমেটটি চুপিসারে নিয়ে বাসে উঠেন এবং সারা রাস্তা মাথায় পরে ঘুমান। তার এ অবস্থা দেখে তার সহপাঠীরা হাসতে থাকে। সে জানতো তার এ অবস্থা দেখে সহপাঠীরা হাসাহাসি করবে, বয়োজ্যেষ্ঠরাও তাকে পাগল বলবে। তারপরও বাসে যে তাকে হেলমেট পরতেই হবে।

স্কুল ছুটির সময় স্কুলের প্রিন্সিপাল তাকে হেলমেটটি নিয়ে তার অফিসে দেখা করার জন্য খবর পাঠান। খবর পেয়ে সে দ্রুত প্রিন্সিপালের অফিসের দিকে ধাবিত হন। যেতে যেতে ভাবে, কামালেরই কাণ্ড হবে এটি, সে'ই বিষয়টি প্রিন্সিপালের কানে তুলেছে। একদিন কামালের সাথে তার মুখোমুখি সংঘর্ষ হলে তাকে 'হৈনৈ তুন তুন' বলে ক্ষেপিয়েছিলেন, এটা হবে তারই প্রতিশোধ। প্রিন্সিপালের রুমে গেলে প্রিন্সিপাল তার কাছে জানতে চান বাস চড়তে সে কেন হেলমেট পরে। প্রত্যুত্তরে সে বলে, স্যার সকালে পেট ভরে খাওয়া-দাওয়ার পর ভরা পেটে যখন বাসে উঠি, তখন আমি ঘুমে ঢলে পরি। কোনো অবস্থাতেই না ঘুমিয়ে থাকতে পারি না। তখন আসনের চৌকাঠে লেগে লেগে মাথাটা একবারে থেতলিয়ে গেছে স্যার। সেদিন একটি মুরগির বাচ্চাকে বাঁচাতে গিয়ে চালক গাড়ির ব্রেক কষে ধরলে আমার ডান কানে জোরে আঘাত লাগে। দুদিন পর্যন্ত প্রচণ্ড ব্যথা ছিল স্যার। আজকে হেলমেটটা পরে আসায় বেশ আরাম বোধ করেছি, ঘুমও হয়েছে যথেষ্ট স্যার। মাথাটাও নিরাপদ রয়েছে। ম'ঙ্গিচার কথা শুনার পর প্রিন্সিপাল গম্ভীরস্বরে বলেন, দেখো ম'ঙ্গিচা এর পর থেকে তুমি আর বাসে হেলমেট পরে আসবা না। আর ঘুমাতেও পারবা না, কারণ চলন্ত গাড়িতে ঘুমালে অঙ্গের ক্ষতিও হতে পারে। প্রিন্সিপালের কথা শুনে সুমো ম'ঙ্গিচা মাথা নিচু করে তার রুম থেকে বেরিয়ে আসে।

ম'ঙ্গিচা রুম থেকে বের হলে বাহিরে অপেক্ষমান একদল সাংবাদিককে দেখতে পান। তার মধ্যে মণিপুর নিউজ এর একজন সাংবাদিক ক্যামেরা ও মাইক্রোফোন নিয়ে তার একটি সাক্ষাৎকারও নিয়ে ফেলে। বাকী সবাই সুমো ম'ঙ্গিচাকে ঘিরে ধরে ক্যামেরা দিয়ে তার হেলমেটটিসহ অসংখ্য ফটো তুলে ফেলে। পরিশেষে সে বাড়িতে ফিরে আসে। বাড়িতে ঢোকার সময় সে হেলমেটটি পিছনে লুকিয়ে রেখে সিঁড়ি বেয়ে উপরে উঠতে থাকে। ম'ঙ্গিচাকে সিঁড়ি বেয়ে উঠতে দেখে তার জন্য রান্না ঘরে নাশতা তৈরিরত মা রাগে অগ্নিশর্মা হয়ে 'হে পেটমোটা, পেটুক, কুম্ভকর্ণ' বলে চিৎকার করতে করতে বাহিরে চলে আসেন। মায়ের চিৎকার শুনতে অনভ্যস্ত ম'ঙ্গিচা মায়ের হঠাৎ চিৎকার শুনে ভয়ে লাফ দিয়ে ওঠে। তখন অজান্তেই তার হাত থেকে হেলমেটটি সিঁড়িতে পরে যায় এবং নিচের দিকে গড়িয়ে পরতে থাকে। হেলমেটটি শেষাবধি তার মায়ের পায়ের আঙ্গুলে গিয়ে আঘাত লাগে। পায়ের আঙ্গুলে চোট পেয়ে মা রেগেমেগে হেলমেটটিতে লাথি মারে এবং তা গড়াতে গড়াতে ঘরের ভিতর চলে যায়। রাগে অগ্নিশর্মা মার কাছে ঘটিনাটি জ্বলন্ত আগুনে পেট্রোল ঢালার মত গর্জে ওঠে, অতপর খই ফোটার মতো চিৎকার করতে করতে বলে তোমার জন্য আমরা মানুষের কাছে মুখ দেখাতে পারছি না, আই এস কমিটির রিপোর্টে পর্যন্ত তোমার খবর এসেছে, সারা দেশে

তা ছড়িয়ে পড়ছে। ফেইসবুকে অবিরত লেখাগুলো দেখেও কোনো লাজ নেই তোমার। ম'ঙ্গিচার বাসে চড়ার সময় হেলমেটসহ তোলা ভিডিও ক্লিপগুলো ঐদিনকার সকল খবরের সাথে সংযুক্ত হয়ে হেডলাইনে এসেছে। সম্পাদকের রিপোর্টেও সমান গুরুত্ব পেয়েছে বিষয়টি। সুমো ম'ঙ্গিচা ঐদিনকার পরে আর হেলমেট পরেনি আর বাসেও ঘুমায়নি।

এভাবে একমাস কেটে গেল, তারপর একদিন দিল্লিতে অনুষ্ঠিতব্য নিরাপত্তা বিষয়ক এক সেমিনারে উপস্থিত থাকার জন্য সুমো ম'ঙ্গিচাকে আমন্ত্রণ জানানো হয়। সেমিনারে তাকে পুরস্কৃত করে সম্মান জানানো হয়। দিল্লিতে অবশ্য ছোট ছোট গাড়ির চালক ও আরোহী উভয়কেই হেলমেট পরিধান করতে হয়। বাসে চড়ে হেলমেট পরা যৌক্তিক না হলেও তার মাথার নিরাপত্তার কথা বিবেচনা করে তাকে পুরস্কৃত করে সম্মান জানানো হয়েছে।

বি.দ্র.: মণিপুরী ভাষিক কোন শব্দের অক্ষরের সাথে ' চিহ্নিত থাকলে তার উচ্চারণ অর্ধ আকারের মত পড়তে হবে। অর্থাৎ ম এর সাথে' থাকলে তার উচ্চারণ ম ও মা এর মাঝামাঝি উচ্চারণে।

**[মূল গল্পটি মণিপুরী ভাষায় রচিত]**



CamScanner

# গুণীজন সম্মাননা ২০২২

বাংলাদেশ মণিপুরী সাহিত্য সংসদের পথচলা শুরু হয়েছিল ১৯৭৫ সালের ১১ মে তারিখে। ১৯৭৯ সালে সংসদ প্রথমবারের মতো গুণীজন সম্মাননার উদ্যোগ নেন। মণিপুরী সমাজের বিভিন্ন ক্ষেত্রে যারা অবদান রেখেছেন, সমাজের উন্নয়ন অগ্রযাত্রায় যাদের উল্লেখযোগ্য একটি ভূমিকা আছে তাঁদেরকে সম্মাননা জানানোর লক্ষ্যেই এই কার্যক্রম হাতে নেওয়া হয়। মণিপুরী সংস্কৃতি, ক্রীড়া, শিক্ষা ও সমাজসেবার ক্ষেত্রে যাদের অনন্য অবদান আছে তাদেরকেই গুণীজন সম্মাননার জন্য নির্বাচন করা হয় এবং একটি ভাবগম্ভীর অনুষ্ঠানের মাধ্যমে সম্মাননা জানানো হয়। প্রথমবার ১৯৭৯ সালে মণিপুরী শিল্প-সংস্কৃতির চার বিশিষ্টজনকে এই সম্মাননা প্রদান করা হয়। এর পর থেকে প্রায় প্রতি বছরই গুণীজন সম্মাননার এই কার্যক্রম অব্যাহত থাকে। এখন পর্যন্ত ৩৭ জন গুণী ব্যক্তিকে সম্মাননা জানানো হয়েছে।

আগের বছরগুলোর ধারাবাহিকতায় এবার আমরা বাংলাদেশের মণিপুরী জনগোষ্ঠীর তিনজন বিশিষ্ট ব্যক্তিকে সম্মাননা জ্ঞাপনের জন্য নির্বাচন করেছি। তাঁর হলেন– সমাজসেবা ক্ষেত্রে এডভোকেট এস সি সিনহা, চিকিৎসা ক্ষেত্রে ডা. কাইয়ুম উদ্দিন এবং সংগীতে রানা কুমার সিনহা। তাঁদের সংক্ষিপ্ত পরিচিতি নীচে তুলে ধরা হলো।

## এস সি সিনহা



লাইরেঞ্জম সূরচন্দ্র সিনহা, যিনি এস সি সিনহা নামেই সমধিক পরিচিত, তাঁর জন্ম বাংলাদেশের মৌলভীবাজার জেলার অন্তর্গত জুড়ী উপজেলার ছোটধামাই গ্রামে ১৯৪১ সালের ২২ নভেম্বর তারিখে। পিতার নাম পণ্ডিত পুন্সি সিংহ এবং মাতা একাসিনী দেবী। ১৯৫৭ সালে সিলেটের 'দি এইডেড হাই স্কুল' থেকে মেট্রিক পাশ করেন। তারপর ভর্তি হন সিলেটের স্বনামখ্যাত শিক্ষা প্রতিষ্ঠান 'এমসি কলেজে'। সেখান থেকে আইএ এবং বিএ পাশ করার পর ভর্তি হন ঢাকা বিশ্ববিদ্যালয়ে। ১৯৬৩ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে 'আন্তর্জাতিক সম্পর্ক' বিষয়ে প্রথম স্থান অধিকার করে এমএ পাশ করেন। ভালো ফলাফলের জন্য তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে 'চৌ-এন-লাই বৃত্তি' লাভ করেছিলেন। তিনি আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন শিক্ষক ও পণ্ডিত প্রফেসর আব্দুর রাজ্জাকের খুব প্রিয় ছাত্র ছিলেন। ১৯৬৪ সালে 'ডিপ্লোমা ইন ফ্রেঞ্চ ল্যাঙ্গুয়েজ এন্ড লিটারেচার' এবং ১৯৬৬ সালে 'ডিপ্লোমা ইন লাইব্রেরি সায়েন্স' করেন। ১৯৬৮ সালে এলএলবি ডিগ্রি নেন। ১৯৬৯ সালে ঢাকা বারে যোগদানের মাধ্যমে আনুষ্ঠানিকভাবে আইন পেশায় যোগ দেন। পরে ১৯৭৪ সালে সুপ্রিম কোর্টের এডভোকেট হিসেবে তালিকাভুক্ত হন। দীর্ঘ প্রায় চুয়ান্ন বছরের আইন পেশায় এডভোকেট এস সি সিনহা ব্যাপক সফলতা অর্জন করেছেন, বিশেষ করে বিভিন্ন প্রতিষ্ঠান ও কর্পোরেট কোম্পানিগুলোর আইন উপদেষ্টা হিসেবে এবং তাদেরকে আইনি সহায়তা দানের ক্ষেত্রে তিনি যথেষ্ট সুখ্যাতি অর্জন করেছেন।

আইন ব্যবসার পাশাপাশি এডভোকেট এস সি সিনহা একজন সফল ব্যবসায়ীও। তৎকালীন হোটেল ইন্টারকন্টিনেন্টাল-এর সামনে অবস্থিত ডিআইটি সুপার মার্কেটে তাঁর 'চন্দন' নামে একটি 'এক্সপোর্টিং ও মারচেন্ডাইজ ফার্ম' ছিল। বিভিন্ন অপ্রচলিত দ্রব্যাদির রপ্তানিতে এটি একটি অগ্রণী প্রতিষ্ঠান ছিল। আন্তর্জাতিক পর্যায়ে 'ইন্টারন্যাশনাল ট্রেড ফেয়ার'-এ অংশ নিতে বা 'ইইসি', 'এডিবি', 'সিএফটিসি'সহ বিভিন্ন বাণিজ্যিক প্রতিনিধিদলের সদস্য হিসেবে বিভিন্ন সময়ে বিশ্বের বিভিন্ন দেশ সফর করেছেন। এগুলোর মধ্যে উল্লেখযোগ্য হলো– বেলজিয়াম, ফ্রান্স, যুক্তরাজ্য, স্পেন, ডেনমার্ক, ইটালি, নেদারল্যান্ডস, লুক্সেমবার্গ, সুইডেন, নরওয়ে, ফিনল্যান্ড, গ্রিস, অস্ট্রিয়া, যুক্তরাষ্ট্র, হাওয়াই, চিন, থাইল্যান্ড, ফিলিপাইনস, ইন্দোনেশিয়া, হংকং ইত্যাদি। বাংলাদেশ সুপ্রিম কোর্টের প্রতিনিধিদলের সদস্য হিসেবে ১৯৭৯ সালে স্পেনের মাদ্রিদে অনুষ্ঠিত 'ইন্টারন্যাশনাল ল' কনফারেন্স'-এ অংশ নেন। এছাড়া ব্যক্তিগত প্রয়োজনে বিভিন্ন সময়ে সফর করেছেন– কানাডা, ভারতসহ বিভিন্ন দেশ।

বিয়ে করেছেন মণিপুরী জাতির মধ্যে প্রথম এমএ ডিগ্রি অর্জনকারী সিলেটের স্বনামখ্যাত প্রফেসর সোনামণি সিংহের কনিষ্ঠতম কন্যা নীলিমা সিনহাকে। তাঁদের একমাত্র সন্তান পুত্র অশোক সিংহ। ২০০৮ সালে নীলিমা সিনহার মৃত্যু হয়। পরে তিনি বিয়ে করেন রুমি সিনহাকে। প্রয়াতা স্ত্রী নীলিমা সিনহার স্মৃতিকে অমলিন করে রাখতে তিনি 'নীলিমা-এস সি সিনহা ট্রাস্ট' গঠন করে 'নীলিমা সিনহা মেমোরিয়েল অ্যাওয়ার্ড' নামে একটি সাহিত্য পুরস্কার প্রবর্তন করেন; আর এই ট্রাস্টের মাধ্যমে মণিপুরী জনগোষ্ঠীর শিক্ষা ও সামাজিক উন্নয়নের ক্ষেত্রে ব্যাপক অবদান রেখে চলেছেন। তিনি প্রতি বছর মণিপুরী শিক্ষার্থী, যারা এসএসসি ও এইচএসসি পরীক্ষায় 'এ' ও 'এ+' পান তাদেরকে এককালীন আর্থিক বৃত্তি প্রদান করেন এবং যারা বিভিন্ন বিশ্ববিদ্যালয়, মেডিকেল ও ইঞ্জিনীয়ারিং কলেজ ও বিশ্ববিদ্যালয়ে পড়াশোনা করছেন তাদের মধ্য থেকে নির্বাচিত কিছু মেধাবী ও দরিদ্র ছাত্র-ছাত্রীদেরকে শিক্ষা সহায়তা হিসেবে পুরো একাডেমিক পিরিয়ডের জন্য মাসিক ভিত্তিতে নিয়মিত বৃত্তি প্রদান করেন। তাছাড়া নিজ এলাকার ছোটধামাই হাই স্কুলের ছাত্র-ছাত্রীদের মধ্যে এসএসসি পরীক্ষায় যারা 'এ' ও 'এ+' অর্জন করেন তাদের সকলকে (মণিপুরী ও অমণিপুরী) এককালীন আর্থিক বৃত্তি প্রদান করেন। ছোটধামাই হাই স্কুলের একটি ভবনও এডভোকেট এসসি সিনহার অর্থানুকূল্যে নির্মিত হয়েছে। এছাড়া মণিপুরী সমাজের বিভিন্ন মন্দির নির্মাণ বা সংস্কার, বিভিন্ন সংগঠনের কল্যাণ কর্মকাণ্ডে এবং চিকিৎসাখাতে ও আর্ত-পীড়িত লোকজনদেরকে তিনি নানাভাবে আর্থিক সহায়তা করে থাকেন।

বাংলাদেশের স্বাধীনতাপ্রাপ্তির পর এডভোকেট এস সি সিনহা মণিপুরী সমাজের সামগ্রিক উন্নয়নে কাজ করার লক্ষে 'বাংলাদেশ মণিপুরী সমিতি' নামে একটি সরকারি নিবন্ধীকৃত সামাজিক সংগঠন গড়ে তোলেন। তিনি ছিলেন এই সংগঠনের প্রতিষ্ঠাতা সভাপতি। এছাড়া তিনি 'Bangladesh Handicrafts Export Association (Banglacraft)'-এর প্রতিষ্ঠাতা সদস্য, 'German University of Bangladesh'-এর Founder Director এবং 'Society for Environment & Human Development (SEHD)'-এর Treasurer. এছাড়াও তিনি আরও বিভিন্ন সংগঠনের



CamScanner

সাথে নানাভাবে যুক্ত আছেন। তিনি মাতৃভাষা মণিপুরী, রাষ্ট্রভাষা বাংলার পাশাপাশি ইংরেজি, ফ্রেঞ্চ, জার্মান, হিন্দি, উর্দু এবং সংস্কৃত ভাষায়ও পারদর্শী।

এডভোকেট এস সি সিনহার সামাজিক কর্মকাণ্ডের স্বীকৃতিস্বরূপ বিভিন্ন সংগঠন তাঁকে সম্মাননা-পদক দিয়ে সম্মানিত করেছেন। এগুলোর মধ্যে উল্লেখযোগ্য হলো-বাংলাদেশ-ইন্ডিয়া ফ্রেন্ডশিপ সোসাইটি কর্তৃক প্রদত্ত 'ইন্টারন্যাশনাল ফ্রেন্ডশিপ অ্যাওয়ার্ড', ভারতের মণিপুরের 'সিক্স ব্রাদার্স ওর্গেনাইজেশন' কর্তৃক প্রদত্ত 'ইন্টারন্যাশনাল অ্যাওয়ার্ড ওব এক্সলেন্স' ইত্যাদি।

## ডা. কাইয়ুম উদ্দিন



ডা. কাইয়ুম উদ্দিন ১৯৫৪ সনের ১ জানুয়ারী চা, বন আর হাওর পরিবেষ্টিত, প্রাকৃতিক সৌন্দর্যের আধার মৌলভীবাজার জেলার কমলগঞ্জ উপজেলার অন্তর্গত আদমপুর ইউনিয়নের খরস্রোতা ধলাই নদীর পাড়ে নয়নাভিরাম পশ্চিম জালালপুর গ্রামে মৌলানা আব্দুস সোবহান এর ঔরসে এবং সালাইমান বিবির গর্ভে জন্মগ্রহণ করেন। তিনি প্রাথমিক শিক্ষা সম্পন্ন করেন আদমপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে। আদমপুর এম এ ওয়াহাব উচ্চবিদ্যালয়ে ষষ্ঠ ও সপ্তম এবং কমলগঞ্জ বহুমুখী উচ্চবিদ্যালয়ে অষ্টম, নবম ও দশম এবং সিলেট সরকারি কলেজ (এম সি কলেজ)-এ উচ্চ মাধ্যমিক সম্পন্ন করেন। অতঃপর তিনি ১৯৭৪ সনে সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজে ভর্তি হন এবং ১৯৮০ সনে দক্ষিণ কমলগঞ্জের প্রথম ডাক্তার হিসেবে আবির্ভূত হন। এম.বি.বি.এস পাশ এবং ইন্টার্নি সম্পন্ন করার পর তিনি বাংলাদেশ স্বাস্থ্য বিভাগে মেডিকেল অফিসার হিসেবে যোগ দেন। তিনি দীর্ঘ কর্মজীবনে বাংলাদেশের বিভিন্ন হাসপাতালে বিশেষত সুনামগঞ্জের হাওর বাওর পরিবেষ্টিত তাহিরপুর ও শাল্লা উপজেলায়, পাহাড়-বন বেষ্টিত পার্বত্য চট্টগ্রামের রাঙ্গামাটি জেলার নানিয়ারচর ও সিলেটের কানাইঘাট উপজেলায় স্বাস্থ্য কর্মকর্তা এবং বান্দরবান জেলার রুমা ও থানচি, সিলেটের বিশ্বনাথ এবং পরিশেষে মৌলভীবাজার জেলার কমলগঞ্জ উপজেলায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি ২০১১ সনে অবসর গ্রহণ করেন।

উল্লেখ্য, ডা. কাইয়ুম উদ্দিন শুধু নিরেট একজন চিকিৎসক এবং প্রান্তিক জনগোষ্ঠীর বাতিঘরই নন, তিনি একাধারে সমাজকর্মী, সমাজ সংস্কারক, শিক্ষানুরাগী এবং দাতা হিসেবে পরিচিত। মৌলানা আব্দুস সোবহান ইসলামী গণ পাঠাগার, আদমপুরবাজার, কমলগঞ্জ ডা. কাইয়ুম উদ্দিনের এক অনন্য সৃষ্টি। পাঠাগারটি তিনি ২০১৯ সনে নিজ বাসভবন সংলগ্ন ইমারতের দ্বিতীয় তলায় সুন্দর, মনোরম পরিবেশে প্রতিষ্ঠা করেন। বর্তমানে তিনি আদমপুরবাজার সংলগ্ন নিজ বাসভবনে অবসর জীবন যাপন করছেন।

## রানা কুমার সিনহা



রানা কুমার সিনহার জন্ম ১৯৫৮ সালের ১১ অক্টোবর। সিলেট নগরীর কেওয়াপাড়ায়। পিতা জয়ন্ত কুমার সিংহ মাতা উত্তরানী দেবী। সুবিদবাজারস্থ পিটিআই প্রাথমিক বিদ্যালয় থেকে ৫ম শ্রেণি পাস করে 'দি এইডেড হাই স্কুল' থেকে এসএসসি সম্পন্ন করেন। মদন মোহন কলেজ থেকে এইচএসসি।

সঙ্গীতের হাতেখড়ি শাস্ত্রীয় সঙ্গীতের প্রখ্যাত গুরু নিরোদবরণ বড়ুয়ার শিষ্য মাসুদ হোসেনের কাছে। প্রাতিষ্ঠানিক সঙ্গীত শিক্ষা শুরু হয় নূপুর সঙ্গীতালয়ে ওস্তাদ হোসেন আলীর কাছে। এরপর শাস্ত্রীয় সঙ্গীতে তালিম নেন ওস্তাদ রুদ্রেশ্বর সূত্রধরের কাছে। রবীন্দ্রসংগীতের পরিব্রাজক ওয়াহিদুল হকের কাছে রবীন্দ্রসংগীতের তালিম গ্রহণ রানা সিনহার জীবনে এক পরম পাওয়া। রবীন্দ্রসংগীতাচার্য ওয়াহিদুল হকের স্নেহছায়ায় বেড়ে উঠেছে তাঁর রবীন্দ্রসংগীতের জীবনজগৎ। ১৯৭৭ সালে বাংলাদেশ বেতার ও ১৯৭৮ সালে বিটিভিতে রবীন্দ্রসঙ্গীতের শিল্পী হিসেবে তালিকাভুক্ত হন। বর্তমানে তিনি বিটিভি ও বেতারে 'এ প্লাস' গ্রেডের শিল্পী।

যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, কানাডাসহ ভারতের আগরতলা, শিলচর, করিমগঞ্জ, পাটনা, সহ বাংলাদেশের নানান প্রান্তে রবীন্দ্রসংগীত নিবেদনের সৌভাগ্য হয়েছে তাঁর। ১৯৯৮ সনে রবীন্দ্রসঙ্গীতের স্বনামধন্য প্রতিষ্ঠান দক্ষিণী, কলকাতার সুবর্ণজয়ন্তী উৎসবে বিশিষ্ট রবীন্দ্রসঙ্গীত শিল্পী কলিম শরাফীর নেতৃত্বে অংশগ্রহণকারী দলে ছিলেন রানা কুমার সিনহা। শুধু শিল্পী হিসেবে নয় একজন দক্ষ সংগঠক হিসেবেও তিনি সিলেটের সংস্কৃতি অঙ্গণে কাজ করে চলেছেন। শ্রীহট্ট সংস্কৃত কলেজ প্রাঙ্গণে বাংলা নববর্ষ উদযাপন, রবীন্দ্রসঙ্গীতের উৎসব আয়োজন সহ নানান কর্মকান্ডে তিনি নিজেকে যুক্ত রেখে চলেছেন। রবীন্দ্রসঙ্গীতের শিক্ষা প্রতিষ্ঠান আনন্দলোকের প্রতিষ্ঠাতা ও বাংলাদেশ রবীন্দ্রসঙ্গীত শিল্পী সংস্থা সিলেট শাখার সভাপতির গুরুদায়িত্বও পালন করে চলেছেন তিনি। এরই মধ্যে রানা কুমার সিনহার দুটো গানের অ্যালবাম বেরিয়েছে। ১৯৯৭ সালে প্রথম রবীন্দ্রসংগীতের অ্যালবাম 'নিভৃত যতনে' ও ২০১৪ সালে 'তুমি যেও না এখনি' প্রকাশিত হয়। এছাড়া রবীন্দ্রভারতি বিশ্ববিদ্যালয় থেকে আন্তর্জাতিক সংগীত দিবস উপলক্ষে প্রকাশিত বিভিন্ন ভাষায় অনুদিত রবীন্দ্রসংগীতের অ্যালবামে মণিপুরী ভাষায় অনুদিত দুটি গানে কণ্ঠ দিয়েছেন তিনি। গান দুটি অনুবাদ করেন কবি এ কে শেরাম।

কখনও শিল্পী কখনও সংগঠক হিসেবে তিনি কাজ করে চলেছেন শুদ্ধ রবীন্দ্রসংগীত চর্চা ও প্রসারের আন্দোলনে। রবীন্দ্রসংগীতের রূপসাগরে ডুব দিয়ে তিনি অরূপরতন নিয়ে এসেছেন আমাদের জন্য। তারই নেতৃত্বে এগিয়ে চলছে সিলেটের রবীন্দ্রসংগীত চর্চার স্রোতধারা। আগামী দিনের কথা ভেবে তাঁর যত কাজ, আগামীতে তাই তাঁর প্রয়োজন ফুরোবার নয়।

রানা কুমার সিনহা ব্যক্তিগত জীবনে স্ত্রী রাগিনী সিনহা ও তিন পুত্র সন্তানের গর্বিত জনক।

# গুণীজন সম্মাননা

# ওজারেন ইকাইখুম্নবা

## সূচি

২২ জুলাই ২০২২; শুক্রবার ॥ বিকেল ৩-৩০ মিনিট
জেলা পরিষদ মিলনায়তন, সিলেট

* **গুণীজন সম্মাননা**
* **আলোচনা অনুষ্ঠান**

**সংবর্ধিতব্য গুণীজন**

এস সি সিনহা, এডভোকেট, সুপ্রিম কোর্ট, উত্তরা, ঢাকা।
ডা. কাইয়ুম উদ্দিন, আদমপুরবাজার, কমলগঞ্জ, মৌলভীবাজার।
রাণা কুমার সিনহা, আনন্দলোক, কেওয়াপাড়া, সিলেট।

**প্রধান অতিথি**

জনাব মো. মজিবর রহমান, জেলা প্রশাসক, সিলেট

**বিশেষ অতিথি**

জনাব সন্দীপ কুমার সিংহ, প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, সিলেট
জনাব আহমেদ নূর, লেখক; সম্পাদক, সিলেট মিরর, সিলেট

সামগ্রিক সহযোগিতার জন্য আমরা আন্তরিকভাবে কৃতজ্ঞ

* **জেলা পরিষদ**, সিলেট।
* **জনাব মো. মজিবর রহমান**, জেলা প্রশাসক, সিলেট।
* **জনাব সন্দীপ কুমার সিংহ**, প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, সিলেট।

MEIRA, 59th Issue, 22 July 2022
Published by Bangladesh Manipuri Sahitya Sangsad, Sylhet

# জেলা পরিষদ, সিলেট

www.zp.sylhet.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি



## সিলেট জেলা পরিষদ মালিকানাধীন ডাকবাংলোসমুহের ভাড়ার হার :

| ক্রম | ডাকবাংলোর নাম ও উপজেলা | কক্ষের বিবরণ ও ভাড়ার হার | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | ধরণ | কক্ষ সংখ্যা | সরকারি (প্রতি কক্ষ) | বেসরকারি (প্রতি কক্ষ) | |
| ১ | শেখঘাট ডাকবাংলো, বিভাগীয় সদর | ভিআইপি কাপল বেড ১টি | ০৪টি | ৫০০/- | ১৫০০/- | এ.সি. |
| | | ভিআইপি কাপল বেড ২টি | ০১টি | ৭০০/- | ২০০০/- | এ.সি. |
| | | সাধারণ কাপল বেড ১টি | ০৪টি | ২৫০/- | ১০০০/- | এ.সি. |
| | | সাধারণ কাপল বেড ১টি | ০৪টি | ১৫০/- | ৬০০/- | নন. এ.সি. |
| ২ | নলজুরী ভিআইপি ডাকবাংলো, জাফলং, গোয়াইনঘাট (পর্যটন এলাকা) | ভিভিআইপি | ০১টি | ১০০০/- | ৫০০০/- | এ.সি. |
| | | ভিআইপি | ০২টি | ৮০০/- | ৩০০০/- | এ.সি. |
| | | সাধারণ | ০৪টি | ৫০০/- | ২০০০/- | নন.এ.সি. |
| | | কটেজ কক্ষ | ০২টি | ৮০০/- | ৩০০০/- | এ.সি. |
| | কনফারেন্স এর জন্য | সম্পূর্ণ কটেজ | ০১টি | ২০০০/- | ৭০০০/- | |
| | | ভবন সম্পূর্ণ | ০১টি | ৫০০০/- | ২০০০০/- | |
| | | সম্পূর্ণ ডাকবাংলো | ০১টি | ১০০০০/- | ৩৫০০০/- | |
| ৩ | বল্লাঘাট পিকনিক সেন্টার, জাফলং, গোয়াইনঘাট, (পর্যটন এলাকা) | ভিআইপি | ০২টি | ৮০০/ | ২০০০/- | এ.সি. |
| | | সাধারণ | ০৫টি | ৬০০/ | ১৫০০/- | নন.এ.সি. |
| ৪ | জৈন্তাপুর ডাকবাংলো, জৈন্তাপুর (পর্যটন এলাকা) | ভিআইপি | ০১ | ৩০০/- | ৫০০/- | |
| | | সাধারণ | ০২টি | ২০০/- | ৪০০/- | |
| ৫ | গোয়াইনঘাট ডাকবাংলো, গোয়াইনঘাট | ভিআইপি | ০১ | ৩০০/- | ৫০০/- | এ.সি. |
| | | সাধারণ | ০২টি | ২০০/- | ৪০০/- | নন.এ.সি. |
| ৬ | কোম্পানীগঞ্জ ডাকবাংলো, কোম্পানীগঞ্জ | ভিআইপি | ০১টি | ৩০০/- | ৫০০/- | এ.সি. |
| | | সাধারণ | ০১টি | ২০০/- | ৪০০/- | নন.এ.সি. |

CamScanner